বিদ্যালয়ের নেতৃত্ব

# শিখন–শিক্ষণ প্রক্রিয়ার রূপান্তর ঘটানো: আপনার স্কুলে মূল্যায়নে নেতৃত্বদান

## Transforming teaching-learning process: leading assessment in your school





ভারতে বিদ্যালয় ভিত্তিক সহায়তার ভিত্তিতে শিক্ষকের জন্য প্রশিক্ষণ

www.TESS-India.edu.in

http://creativecommons.org/licenses/

The Open University

UKaid from the British people

TESS-India-এর এই 20টি বিদ্যালয় লিডারশিপ OER (মুক্ত শিক্ষা সম্পদ) বিদ্যালয় নেতৃত্বের বোঝার শক্তি আর দক্ষতা বৃদ্ধিতে সাহায্য করার জন্য, যাতে তারা তাদের বিদ্যালয়ের শিখন ও শিক্ষণ পদ্ধতি উন্নত করার ক্ষেত্রে নেতৃত্ব দিতে পারেন। মূলতঃ এই ইউনিটগুলি বাস্তবমুখী, যাতে বিদ্যালয়ের কর্মী, শিক্ষার্থী ও অন্যান্যদের সাথে নিয়ে কার্যকলাপ সম্পাদন করতে হয়। সফল বিদ্যালয়সমূহের উপর করা গবেষণা ও শিক্ষা সংক্রান্ত অধ্যয়ন এগুলির ভিত্তি।

ইউনিটগুলো পাঠ করার কোন নির্দিষ্ট ক্রম নেই, তবে 'দ্য স্কুল লিডার অ্যাজ ইনেব্লার' থেকে শুরু করাই শ্রেয়, কারণ এখানে সমগ্র স্তবকের একটি অভিমুখ আছে। আপনি নির্দিষ্ট বিষয়ের সাথে সম্পর্কিত ইউনিটগুলি একসঙ্গে অধ্যয়ন করতে পারেন; এই ইউনিট সমগ্র ন্যাশনাল সেন্টার অব্ স্কুল লিডারশিপ কারিকুলাম ফ্রেমওয়ার্কের (ভারত) মূল বিষয়গুলির সঙ্গে সঙ্গতিপূর্ণ। এগুলি হলঃ 'বিদ্যালয়ের নেতৃত্ব দৃষ্টিকোণ'(1); 'পরিচালনা ও স্ব-উন্নয়ন' (2); 'শেখানো-শেখার প্রক্রিয়ার রূপান্তর' (3); এবং 'পরিচালনায় অংশীদারিত্ব' (6)। মূল বিষয় 4 ও 5 – উদ্ভাবন ও দলের নেতৃত্ব দান - বিভিন্ন ইউনিটে আলোচিত হয়েছে, তবে নির্দিষ্ট বিষয় হিসাবে নয়। কিছু কিছু ইউনিটে একটির বেশি মূল বিষয় আলোচিত হয়েছে।

এই বিভাগগুলি বিদ্যালয় নেতৃত্ব স্ব-অধ্যয়নের জন্য অথবা নেতৃত্বদান শেখানোর পাঠ্যক্রমের অংশ হিসাবে ব্যবহার করতে পারেন। দুই ক্ষেত্রেই একটি ব্যক্তিগত শিক্ষার ডায়েরি রাখা এবং অন্যদের সঙ্গে কার্যকলাপ ও কেস স্টাডি সংক্রান্ত আলোচনার মাধ্যমে শেখার অভিজ্ঞতা জ্ঞান করে নেওয়া লাভপ্রদ হয়। 'বিদ্যালয় নেতৃত্ব' শব্দটি এখানে প্রধান শিক্ষক, অধ্যক্ষ, শিক্ষক–প্রতিনিধি বা যিনি বিদ্যালয়ের নেতৃত্বের ভারপ্রাপ্ত - তাঁকে বোঝাতে ব্যবহৃত হয়েছে।

**ভিডিও সম্পদসমূহ**

এই  আইকন নির্দেশ করে কোথায় কোথায় TESS-India স্কুল নেতৃত্ব ভিডিও সম্পদ আছে। এই ভিডিওগুলিতে ভারতীয় বিদ্যালয়ের নেতৃত্বরা জানিয়েছেন যে শেখানো এবং শেখার উন্নতির জন্য তাঁরা কিভাবে তাদের বিদ্যালয়ে পরিবর্তন আনছেন। আমরা আশা করি সেগুলি আপনাকে অনুরূপ ব্যবস্থা নিয়ে পরীক্ষা-নিরীক্ষা করতে অনুপ্রাণিত করবে। ভিডিও-সম্পদগুলির উদ্দেশ্য হল পাঠ্যভিত্তিক ইউনিটের মাধ্যমে করা আপনার কাজকে আরও সম্পূর্ণ ও সমৃদ্ধ করা, কিন্তু যদি এগুলি উপলভ্য না হয়, সেক্ষেত্রে এগুলি অপরিহার্য নয়।

TESS-India ভিডিও সম্পদগুলি TESS-India ওয়েবসাইট http://www.tess-india.edu.in/ থেকে অনলাইনে দেখা যেতে পারে বা ডাউনলোড করা যেতে পারে। অথবা আপনি একটি সিডি বা মেমরি কার্ডে ভিডিওগুলি পেতে পারেন।

**TESS-India (বিদ্যালয়-ভিত্তিক সহায়তার মাধ্যমে শিক্ষক প্রশিক্ষণ) প্রকল্পের বিষয়ে**

TESS-India-এর লক্ষ্য হল শিক্ষার্থী-কেন্দ্রিক, অংশগ্রহণমূলক পদ্ধতির উন্নতিতে বিদ্যালয় নেতৃত্ব আর শিক্ষকদের সহায়তা করার জন্য ওপেন এডুকেশনাল রিসোর্সেস-এর রিসোর্সগুলির মাধ্যমে ভারতের প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের শ্রেণিকক্ষের অনুশীলন উন্নত করা। 105 টি TESS-India বিষয়ক OERs ভাষা, বিজ্ঞান এবং গণিত বিষয়ে বিদ্যালয়ের পাঠ্যপুস্তকের সাথে শিক্ষকদের সঙ্গ প্রদান করে। এগুলি শিক্ষার্থীদের সঙ্গে শ্রেণিকক্ষে পরখ করে দেখার জন্য কার্যক্রম দেয়, আর একই সাথে শিক্ষকদের কিছু কেস স্টাডি দেয় যেগুলি দেখায় যে অন্য শিক্ষকরা কীভাবে বিষয়টি পড়িয়েছেন এবং সম্পদগুলির মধ্যে কিভাবে যোগসূত্র স্থাপন করেছেন শিক্ষকদের পাঠের পরিকল্পনা ও বিষয়জ্ঞান উন্নত করতে সাহায্য করার উদ্দেশ্যে।

ভারতীয় পাঠ্যক্রম এবং প্রসঙ্গগুলির জন্য সমস্ত TESS-India OERs ভারতীয় এবং আন্তর্জাতিক লেখকরা সহযোগিতা করে লিখেছেন এবং এগুলি অনলাইনে এবং ছেপে ব্যবহারের জন্য পাওয়া যায় (http://www.tess-india.edu.in/)। OERs অনেক রূপে পাওয়া যায় এবং এগুলি ভারতের প্রত্যেক অংশগ্রহণকারী রাজ্যের জন্য উপযুক্ত এবং স্থানীয় প্রয়োজনীয়তা ও প্রাসঙ্গিকতা অনুসারে OERsগুলি উপযোগী করে আঞ্চলিক ভিত্তিতে ব্যবহার করার জন্য ব্যবহারকারীদের আমন্ত্রণ করা হচ্ছে।।

TESS-India The Open University, UK দ্বারা পরিচালিত এবং UK সরকারের অর্থপ্রাপ্ত।

সংস্করণ 2.0 SL06v1

West Bengal

তৃতীয় পক্ষের উপাদানগুলি বা অন্যথায় বর্ণিত না হলে এই সামগ্রীটি একটি ক্রিয়েটিভ কমন্স অ্যাট্রিবিউশন-শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উপলব্ধ: http://creativecommons.org/licenses/by-sa/3.0/

TESS-India is led by The Open University UK and funded by UK aid from the UK government

# এই ইউনিটের বিষয়বস্তু

'মূল্যায়ন' পদ্ধতিটি প্রধানত পরীক্ষায় সাফল্য বা ব্যর্থতার সাথে জড়িত। পরীক্ষায় সাফল্য গুরুত্বপূর্ণ এবং তা ভাল কলেজে সুযোগ পাওয়া, সামাজিক অবস্থা এবং পরবর্তী পেশাদার জীবনে সাফল্যের সাথে জড়িত। যদিও, পরীক্ষার প্রস্তুতির ওপর দৃষ্টিপাত শিক্ষণ অভিজ্ঞতায় বিরূপ প্রভাব ফেলতে পারে। NCF (NCERT, 2005, p. 71) এই সমস্যার গভীরতা উপলব্ধি করে বলেছে:

> শেখাকে বাচ্চাদের কাছে অর্থপূর্ণ এবং আনন্দজনক করে তোলার ক্ষেত্রে পরীক্ষার খারাপ প্রভাবগুলো সম্পর্কে আমরা উদ্বিগ্ন। সম্প্রতি, প্রি-স্কুল থেকে শুরু করে সমগ্র স্কুল বর্ষ জুড়ে সব পরীক্ষা ও মূল্যায়নের ওপর বোর্ড পরীক্ষাগুলো নেতিবাচক প্রভাব ফেলে।

মূল্যায়নকে দৈনিক ক্লাসঘর অনুশীলনের সংহত অংশ করে তুললে তা কিভাবে শিক্ষার্থীদের উন্নতি নিরীক্ষণ ও পথ প্রদর্শনের সুযোগ সৃষ্টি করতে পারে, এই ইউনিটে আপনি তা অন্বেষণ করবেন। এইরূপ ধারাবাহিক মূল্যায়ন শিক্ষার্থীর শিখন সম্পর্কে শিক্ষকদের নিয়মিত মতামত প্রদান করে যা আবার আপনার স্কুলের শিক্ষার্থীদের আরও কার্যকর শিক্ষাগ্রহণকারী হয়ে উঠতে সাহায্য করার জন্য ব্যবহার করা যায়। শিক্ষণ প্রসারে মূল্যায়ন ব্যবহার করতে প্রমাণ সংগ্রহ, তথ্য বিশ্লেষণ, শেখার অ্যাক্টিভিটি পরিবর্তন ও মতামত প্রদানের মাধ্যমে শিক্ষকদের প্রয়োজন তাঁদের শিক্ষার্থীদের মূল্যায়ন করা ও নিরীক্ষণ করা। এইভাবে মূল্যায়ন ব্যবহৃত হলে আপনার সমস্ত শিক্ষার্থীর শিখনের ফলাফল উন্নত হবে।

## লার্নিং ডায়েরী বা শিক্ষালাভের রোজনামচা

এই ইউনিটটির উপর কাজ করাকালীন, আপনার শিক্ষালাভের রোজনামচাতে আপনাকে লিখতে বলা হবে, যেটা কোন বই বা ফোল্ডার হতে পারে যেখানে আপনি আপনার ভাবনা-চিন্তা ও পরিকল্পনা এক জায়গায় নথিভুক্ত করবেন। হয়ত আপনি এর মধ্যেই এটা শুরু করে দিয়েছেন।

আপনি এই ইউনিটটিতে হয়ত একাই কাজ করছেন, কিন্তু যদি আপনি আরেকজন বিদ্যালয় নেতৃত্বের সঙ্গে আপনার শিক্ষা গ্রহণ সম্বন্ধে আলোচনা করতে পারেন, তাহলে আপনি অনেক বেশী শিখতে পারবেন। তিনি এমন কোন একজন সহকর্মী হতে পারেন যাঁর সঙ্গে আপনি ইতিমধ্যেই একসাথে কাজ করেন, অথবা এমন কেউ যাঁর সাথে আপনি নতুন সম্পর্ক গড়ে তুলতে পারেন। এটা আনুষ্ঠানিকভাবে হতে পারে বা সাধারণ ঘরোয়া আলাপ-আলোচনার মাধ্যমে। আপনার শিক্ষালাভের ডায়েরিতে আপনি যা লিখে রাখবেন তা এই ধরণের সাক্ষাৎকারে কাজে লাগবে, সাথে সাথে আরো দীর্ঘমেয়াদী শিখন ও উন্নতির খসড়াও তৈরি হয়ে যাবে।

# বিদ্যালয় নেতৃত্বেরা এই ইউনিট থেকে কী শিখতে পারবেন

- শিক্ষণের জন্য মূল্যায়ন এবং মূল্যায়নের **জন্য** শিক্ষণের মধ্যে পার্থক্য করার **জন্য**।
- আপনার স্কুলের শিক্ষকদের সাথে গঠনমূলক মূল্যায়ন গঠনের কৌশলে নেতৃত্ব দিতে।
- গঠনমূলক মূল্যায়নের সময় সংগৃহীত প্রমাণ ও উপাত্ত ব্যবহার করে মতামত প্রদানে শিক্ষার্থীদের শিক্ষণ উন্নত করতে শিক্ষকদের সাহায্যের জন্য।

# 1 গঠনমূলক ও সমাহারমূলক মূল্যায়ন

দুই ধরনের মূল্যায়ন আছে যা পরস্পরের থেকে আলাদা বলে বিবেচিত হয়, কারণ এগুলো ভিন্ন রূপে এবং ভিন্ন উদ্দেশ্যে ব্যবহৃত হয়। আপনার নিজস্ব শিক্ষাগত অভিজ্ঞতা থেকে আপনি সমাহারমূলক মূল্যায়নের সঙ্গে অতি পরিচিত হবেন, কিন্তু গঠনমূলক মূল্যায়নের মূল্য ও সুযোগ সম্পূর্ণরূপে উপলব্ধি নাও করে থাকতে পারে – অথবা আপনি হয়তো ইতিমধ্যেই তা করছেন কিন্তু আপনার দক্ষতা সম্পর্কে সম্পূর্ণ অবগত ছিলেন না।

- গঠনমূলক মূল্যায়নকে অনেকে **'শিক্ষণের *জন্য* মূল্যায়ন'** বলে থাকেন। এই ধরনের মূল্যায়নের মূল উদ্দেশ্য হলো শিক্ষার্থীদের গঠনমূলক মতামত দেওয়া যা তাদের আরও ভালভাবে শিখতে ও ফলপ্রসূ অগ্রগতি ঘটাতে সাহায্য করে। এইরূপ মতামত সাধারণত (কিন্তু সর্বদা নয়) শিক্ষকদের দ্বারা দেওয়া হয়ে থাকে।
- সমাহারমূলক মূল্যায়ন **'শিক্ষণের মূল্যায়ন'** হিসাবেও পরিচিত। এই ধরনের মূল্যায়নের উদ্দেশ্য হল নির্দিষ্ট সময় ধরে শেখার শেষে, যা একটা টার্ম বা এক বছর হতে পারে, শিক্ষার্থীদের অর্জন ও কর্মসম্পাদন ক্ষমতা চিহ্নিত করতে শিক্ষককে সক্ষম করা।



**চিত্র 1** শিক্ষার্থীর শিক্ষণে ঘাটতিগুলো আলোচনা করা।

সাধারণত একজন শিক্ষার্থীকে অন্যের সাথে তুলনা করতে সমাহারমূলক মূল্যায়ন ব্যবহার করা হয়, যেখানে গঠনমূলক মূল্যায়ন শিক্ষণের অগ্রগতিতে ব্যবহার করা হয়।

গঠনমূলক মূল্যায়ন শিক্ষার্থীদের এগিয়ে যেতে এবং শিক্ষণের ক্ষেত্রে অগ্রগতিতে পথ তৈরী করে। এটি চিহ্নিত করতে পারে:

- শিক্ষার্থী কী করতে পারে এবং কী করতে পারে না
- শিক্ষার্থীদের পক্ষে কী কঠিন হতে পারে
- শিক্ষার্থীর কিরূপ ঘাটতি বা বোঝার ভুল থাকতে পারে।

এর মধ্যে আছে:

- শিক্ষার্থীর সঙ্গে সংলাপ, শিক্ষণের স্পষ্ট লক্ষ্যসমূহ আলোচনা করা
- শিক্ষার্থী তাদের লক্ষ্য অর্জনে সক্রিয়
- অগ্রগতি নিরীক্ষণ, নিজের ও সমকক্ষদের পর্যালোচনা।

সময়মত ও কার্যকরী মতামত এই প্রক্রিয়ার অংশ, কারণ এটা শিক্ষার্থীদের উন্নতি করতে সাহায্য করে। শিক্ষার্থীরা তাদের লক্ষ্যে না পৌঁছনো পর্যন্ত শিক্ষার্থী এবং শিক্ষক উভয়ের পক্ষেই অনড় অবস্থানে থাকাটাও গুরুত্বপূর্ণ, শিক্ষার্থীর প্রয়োজন অনুসারে তাঁর শিক্ষাদানে সমন্বয় সাধন করাও প্রায় নিশ্চিতভাবে এর অন্তর্ভুক্ত।

তাই, গঠনমূলক মূল্যায়নের উদ্দেশ্য ও দৃষ্টিভঙ্গি সমাহারমূলক মূল্যায়নের থেকে অনেক আলাদা, দ্বিতীয়টা অনেক বেশি আনুষ্ঠানিক। গঠনমূলক মূল্যায়ন ক্লাসঘরের প্রেক্ষিতে ঘটে এবং শিক্ষার্থী ও শিক্ষকের সম্পর্কের ভিত্তিতে গড়ে ওঠে। গঠনমূলক মূল্যায়নের মূল বৈশিষ্ট্যগুলো (সেন্ট্রাল বোর্ড অব সেকেন্ডারী এডুকেশন, 2009) হল যে এটা:

- নির্ণয়মূলক ও নিবারণমূলক
- ফলপ্রসূ মতামতের সুযোগ সৃষ্টি করে
- শিক্ষার্থীদের নিজস্ব শিক্ষণে তাদের সক্রিয় সংযুক্তির স্থান তৈরী করে
- মূল্যায়নের ফলাফলের হিসাব নেওয়ার জন্য শিক্ষাদানকে সমন্বিত করতে শিক্ষকদের সক্ষম করে
- শিক্ষার্থীদের প্রেষণা ও আত্মসম্মানের ওপর মূল্যায়নের গভীর প্রভাব স্বীকার করে, যে দুটো প্রভাবই শিক্ষণের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ
- শিক্ষার্থীদের নিজেদের মূল্যায়ন করা ও কিভাবে উন্নতি করতে হয় তা বোঝার ক্ষেত্রে সক্ষমতার প্রয়োজন স্বীকার করে
- শিক্ষার্থীদের পূর্ববর্তী জ্ঞান ও অভিজ্ঞতার ওপর ভিত্তি করে কী শেখানো হচ্ছে তা প্রস্তুত করা হয়
- কী শেখাতে হবে এবং কিভাবে শেখাতে হবে সে সম্পর্কে সিদ্ধান্ত নিতে বিভিন্ন শিক্ষণ শৈলীকে কাজে লাগায়
- শিক্ষার্থীদের কাজের বিচার করার জন্য যে মানদণ্ড ব্যবহার করা হবে সেগুলো বুঝতে তাদের উৎসাহ দেয়
- মতামতের পরে শিক্ষার্থীদের কাজ উন্নত করতে তাদের সুযোগ দেয়
- শিক্ষার্থীদের সমকক্ষদের সমর্থন করতে এবং তাদের নিকট থেকে সমর্থন পাওয়ার আশা করতে তাদেরকে সহায়তা করে।

গঠনমূলক মূল্যায়ন শিক্ষককে শিক্ষার্থীর অবস্থান থেকে গড়ে তুলতে সুযোগ দেয় এবং সফল হওয়ার জন্য শিক্ষার্থীদের কি করতে হবে তা বোঝার সুযোগ করে দেয়। সুতরাং, গঠনমূলক মূল্যায়ন শিক্ষার্থীকে যুক্ত করে এবং শিক্ষার্থীদেরকে নিজের শিক্ষার দায়িত্ব গ্রহণের সুযোগ দেয়।

ধারাবাহিক ও সংহত মূল্যায়ন (CCE) (সেন্ট্রাল বোর্ড অব সেকেন্ডারী এডুকেশন, 2009) এইভাবে বর্ণিত হয়েছে:

> CCE-এর মূল জোর শিক্ষার্থীদের ধারাবাহিক অগ্রগতির ওপর যা তাদের বৌদ্ধিক, আবেগগত, শারীরিক, সাংস্কৃতিক ও সামাজিক বিকাশ নিশ্চিত করে এবং সেই কারণে শিক্ষার্থীর শুধু পাণ্ডিত্য অর্জনের মূল্যায়নের ওপর সীমাবদ্ধ থাকবে না। এটা শিক্ষার্থীদের প্রেরণা দানের [...] উপায় হিসাবে, মতামত সাজাতে তথ্য প্রদানের জন্য এবং ক্লাসঘরে শেখা উন্নত করতে পরবর্তী কাজ করার জন্য ও একজন শিক্ষার্থীর প্রোফাইলের সংহত ছবি তুলে ধরতে মূল্যায়নের ব্যবহার করে।

অ্যাক্টিভিটি 1 আপনাকে কোন স্কুলের সেটিং-এ গঠনমূলক ও সমাহারমূলক মূল্যায়নের মধ্যে পার্থক্য সম্পর্কে ভাবতে বলে। এটা এমন এক অ্যাক্টিভিটি যা আপনার শিক্ষকদের সাথে গঠনমূলক ও সমাহারমূলক মূল্যায়ন সম্পর্কে আলোচনা শুরু করার জন্য আপনি ব্যবহার করতে পারেন।

## অ্যাক্টিভিটি 1: গঠনমূলক ও সমাহারমূলক মূল্যায়ন চিহ্নিতকরণ

নীচে একটা মূল্যায়নের সুযোগের তালিকা আছে আপনার স্কুলের ক্লাসঘরে যা ব্যবহার করা যেতে পারে। আপনার শিক্ষণ দিনলিপিতে দুটো কলাম করুন, একটা গঠনমূলক মূল্যায়ন আর একটা সমাহারমূলক মূল্যায়নের জন্য। এখন নীচের তালিকা থেকে মূল্যায়নগুলোকে যেকোন এক-একটা কলামে রাখুন। আপনি দেখতে পারেন যে পরিপ্রেক্ষিতের ওপর নির্ভর করে কিছু কিছু আলাদা কলামে যেতে পারে, উদাহরণস্বরূপ, সঙ্গীত পরীক্ষার অংশ হলে একটা গান গাওয়া সমাহারমূলক অথবা স্কুলের অনুষ্ঠানের অংশ হিসাবে প্রস্তুতি নেওয়া হলে

গঠনমূলক হতে পারে।

এই অ্যাক্টিভিটি আপনি একাই করতে পারেন, অথবা দলীয় কার্যকলাপের অংশ হিসাবে অন্যদের এর অন্তর্ভুক্ত করার জন্য এটা প্রসারিত করতে চাইতে পারেন।

1. কাগজ কলমে পরীক্ষা
2. স্মৃতি থেকে উদ্ধার
3. বিজ্ঞানের কোন পরীক্ষানিরীক্ষা নিয়ে অনুমান করা ও কর্মসম্পাদন
4. বই খোলা রেখে পরীক্ষা
5. শিক্ষকের শিক্ষার্থী পর্যবেক্ষণ
6. প্রণালী অনুসারে রান্না
7. রচনাসমূহ
8. প্রশ্নগুলোর মৌখিক উত্তর
9. প্রদর্শন
10. শিক্ষার্থীর রচিত কোন গান করা
11. অ্যাথলেটিক্স রেসে ব্যক্তিগত ভালো লক্ষ্য স্থির করা
12. কোনো নাটক রচনা করা ও অভিনয় করা

**আলোচনা করা**

বিকল্প 8-এর মত কিছু কাজ সহজেই গঠনমূলক সুযোগ প্রদান হিসাবে চিহ্নিত হতে পারে, যেখানে মৌখিক জবাবের ফলে তৎক্ষণাৎ মতামত ও আলোচনার সুযোগ থাকে। অন্যগুলো সমাহারমূলক তথ্য প্রদান করে, যেমন বিকল্প 1-এ কাগজ কলমে পরীক্ষা, যা চূড়ান্ত গ্রেড পেতে সাহায্য করে।

অবশ্য, মূল্যায়নের উদ্দেশ্য ও প্রকৃতি সম্পর্কে আরও তথ্য ছাড়া, ব্যাপক অংশটাই শ্রেণিভুক্ত করা কঠিন। উদাহরণস্বরূপ, শিক্ষার্থীর ভুল বোঝা সম্পর্কে তাদের সঙ্গে আলোচনার ফলাফল হিসাবে কোন কাগজ কলমে পরীক্ষা গঠনমূলক রূপে ব্যবহৃত হতে পারে। তেমনিভাবে, আবদ্ধ প্রশ্নে মৌখিক জবাবের ফল হিসাবে ‘স্কোর’ হতে পারে একমাত্র শিক্ষকের সুবিধার্থে, যেখানে সেগুলো সমাহারমূলক রূপে ব্যবহৃত হচ্ছে।

# গঠনমূলক রূপে মূল্যায়ন ব্যবহার করা

আপনার নিকট সম্পদ 1, ‘অগ্রগতি ও কর্মসম্পাদন ক্ষমতার মূল্যায়ন’ পড়াকে সহায়ক মনে হবে। আপনার স্কুলে মূল্যায়নের ভূমিকা ও প্রকরণ নিয়ে আলোচনা করলে, সেখানে কোন কোন পদ্ধতি ব্যবহৃত হতে পারে এবং মূল্যায়ন কিভাবে ক্লাসঘরের কার্যকলাপের অবিচ্ছেদ্য অংশ হতে পারে তা দেখা ও  আপনার শিক্ষকদের সঙ্গে শেয়ার করা উপযোগী হতে পারে। অতএব গঠনমূলক ও সমাহারমূলক মূল্যায়নের মধ্যে মূল তিনটে পার্থক্য হল:

- মূল্যায়নের উদ্দেশ্য
- কিভাবে উপাত্ত ব্যবহার করা হচ্ছে

- প্রক্রিয়ার মালিকানা কার আছে।

গঠনমূলক মূল্যায়নের অংশীদার হওয়ার জন্য শিক্ষার্থীদের পক্ষে শিক্ষণের পরবর্তী পদক্ষেপের জন্য মতামতকে ব্যবহার করে সক্রিয় ও চিন্তাশীল শিক্ষার্থী হওয়া প্রয়োজন। কেস স্টাডি 1 এর একটি উদাহরণ বর্ণনা করে।



**চিত্র 2** ক্লাসঘরে গঠনমূলক ও সমাহারমূলক মূল্যায়ন ব্যবহার করা।

## কেস স্টাডি 1: রবি গঠনমূলক মূল্যায়ন গ্রহণ করে

শিক্ষার্থী রবি আরেকজন শিক্ষার্থীর সঙ্গে একত্রে একটা বইয়ের অধ্যায়ের সারসংক্ষেপ লেখার কাজ করে। সে পরে ভাবে এটা করতে তাদের কত সময় লেগেছিল এবং তারা দুজনেই কেমন বিশৃঙ্খল ছিল। রবি কাজটা নিয়ে বিভ্রান্ত ছিল এবং উপলব্ধি করেছিল যে সে অধ্যায়ের কিছু মূল শব্দ বুঝতে পারেনি। অধ্যায়ের সারসংক্ষেপ জমা দিতে দেরি হয়েছিল এবং শিক্ষক বলেছিলেন যে এটা খুব সংক্ষিপ্ত হয়ে গেছে, কাঠামোর সমস্যা আছে এবং কিছু মূল তথ্য বাদ পড়ে গেছে। যদিও, শিক্ষক তাদের প্রচেষ্টার ব্যাপারে উৎসাহ দিয়েছিলেন, আর তারা এ ব্যাপারে সম্মত হয়েছিল যে পরের সারসংক্ষেপে রবি কাঠামো আরও ঠিক করে ব্যবহার করবে। রবি তখনও বিব্রত ছিল, যেহেতু সে জানত যে সে আরও ভাল করতে পারত, কিন্তু এই প্রথমবার সে একটা অধ্যায়ের সারসংক্ষেপ করেছিল।

রবি এই বইয়ের জন্য একটা শব্দ তালিকা লিখতে শুরু করেছিল যেহেতু সুস্পষ্টভাবেই গল্পের কিছু অংশ তার বাদ পরে গিয়েছিল এবং সে দেখতে চেয়েছিল এতে সাহায্য হয় কিনা। সে তার বড় দিদির কাছে তার নিজের করা অধ্যায়ের সারসংক্ষেপ দেখাতে চেয়েছিল যাতে সে ভাল কিছু উদাহরণ দেখতে পায়। পরের বার রবি আলাদা একজন সহযোগীর সাথে কাজ করবে বলে ঠিক করেছিল, যার কাজ সম্পর্কে ধারণা আরও স্পষ্ট এবং সে বলবে যে একসঙ্গে লেখার চেয়ে বরং তাদের দায়িত্ব ভাগ করে নেওয়া ভাল। সে নিজেই, নাকি তার সহযোগী বিভ্রান্ত হয়েছিল, এ ব্যাপারে সে নিশ্চিত ছিল না, আর তাই সেটা পরীক্ষা করতে চেয়েছিল।

রবি শুধু তার নিজের শেখার চিন্তাই করেনি, বরং পরের বার কী করে ভাল করা যায় এবং তার শিখনকে উন্নত করতে সে কী করতে পারত তা খোঁজার চেষ্টা করেছিল। সে কিভাবে কাজ করেছে সেদিকে নজর দিয়েছিল, শুধু ফল দেখেনি। তার শিক্ষক তাকে কিছু উপযোগী মতামত দিয়েছিলেন (গঠনমূলক মূল্যায়ন) এবং পরবর্তী সময়ের পরিকল্পনায় সে এগুলো ব্যবহার করেছিল।

স্কুল নেতৃত্ব হিসাবে, শুধু শিক্ষকদের সঙ্গেই নয় বরং আপনার শিক্ষার্থীদের সঙ্গেও কাজ করে আপনি গঠনমূলক মূল্যায়নের যৌথ প্রয়াসে উৎসাহ দিতে পারেন, যাতে তাদের প্রক্রিয়ার অংশ হিসাবে শিক্ষণ মূল্যায়ন করার সুবিধাগুলো দেখতে তাদের সাহায্য করা যায়।

শিক্ষার্থীদের শিক্ষণ প্রক্রিয়ায় সংযুক্ত থাকতে ও সক্রিয় শিক্ষার্থী হতে উৎসাহ দেওয়ার জন্য, শিক্ষকের নিশ্চিত করা উচিৎ যে তারা তাদের নিজস্ব শিক্ষণ প্রক্রিয়ার বিষয়ে অবগত এবং তারা:

- কোন কার্যকলাপের বিষয়ে তাদের ভাবনা প্রকাশ করে
- কী ঘটেছে তা বিশ্লেষণ করা শুরু করে
- তাদের শিক্ষণ উন্নত করতে এবং তাদের অনুমান ও সিদ্ধান্তগুলো পরীক্ষা করতে কাজ করে।

সেকেন্ডারী ইংলিশ ইউনিট *গঠনমূলক মূল্যায়নের মাধ্যমে ভাষা সহায়তা*-তে আপনার শিক্ষকদের জন্য আরও নির্দেশনা পাওয়া যাবে।

# 2 ক্লাসঘরে গঠনমূলক ও সমাহারমূলক মূল্যায়ন ব্যবহার করা

কেস স্টাডি 2 দেখায় যে কিভাবে, মিসেস সিলভা, একজন স্কুল নেতৃত্ব, শিক্ষিকা হিসাবে তাঁর অভিজ্ঞতা কাজে লাগিয়ে তাঁর স্কুলে গঠনমূলক মূল্যায়ন চালু করেছেন। তাঁর স্কুলে গঠনমূলক মূল্যায়ন চালু করার ক্ষেত্রে তিনি তাঁর প্রয়াসকে পাঁচটা পর্যায়ে ভাগ করেন:

1. শিক্ষকদের গঠনমূলক মূল্যায়নের সাথে পরিচিত করা।
2. গঠনমূলক মূল্যায়নে শিক্ষকদের ব্যবহারিক পরিচয়: স্কুল নেতৃত্ব মিসেস সিলভার নেওয়া একটা ক্লাস পর্যবেক্ষণ।
3. ক্লাসঘরে স্কুল নেতৃত্ব মিসেস সিলভার শিক্ষাদান পর্যবেক্ষণের ওপর শিক্ষকদের সাথে আলোচনা।
4. শিক্ষকদের ক্লাসে গঠনমূলক মূল্যায়নের ব্যবহার পর্যবেক্ষণ করা।
5. পর্যালোচনা ও চিন্তাভাবনার প্রকাশ।

## কেস স্টাডি 2: মিসেস সিলভা ক্লাসঘরে গঠনমূলক মূল্যায়ন ব্যবহার করেন

*মিসেস সিলভা তাঁর ক্লাসে বিভিন্ন পাঠে প্রত্যেক শিক্ষার্থীর অগ্রগতি সম্পর্কে নোট করে সবসময় তাদের অনুসরণ করেছেন। তিনি তাঁর ক্লাসের সব ধরনের শিক্ষার্থীদের জন্য পাঠকে প্রাসঙ্গিক ও উপযোগী করে তুলতে পেরে গর্বিত, এবং তিনি এই বিষয়ে সচেতন যে শিক্ষণের ক্ষেত্রে তাঁর শিক্ষার্থীদের অবস্থান কী, একমাত্র সেটা জানার মাধ্যমেই তিনি এটা করতে পারেন। সময়ের সাথে সাথে তিনি শিখেছেন, তাঁর এটা ধরে নেওয়া ঠিক নয় যে যারা বেশি আওয়াজ দেয় তারাই উজ্জ্বল শিক্ষার্থী; তাই তিনি সেই শিক্ষার্থীদের উৎসাহিত করতে এবং উন্নতি দেখতে ভালবাসেন যারা নীরবে যোগ্যতাসম্পন্ন হয়ে ওঠে।*

*তিনি এমন কোন ফরম্যাটে রেকর্ড রাখার ওপর আস্থা রাখেন যেখানে শিক্ষার্থীরা তাদের কার্যকলাপে কী করেছিল এবং তাদের শিক্ষণ ও অগ্রগতি সম্পর্কে প্রত্যেক শিক্ষার্থীকে কী মতামত দেওয়া হয়েছিল সেটা থাকবে। এই রেকর্ডিং ও বিশ্লেষণের ভিত্তিতে, তিনি পরিকল্পনা করেন যে তাঁর শিক্ষার্থীদের সাথে কিভাবে কাজ করতে হবে যাতে তাদের শিক্ষণ উন্নত হয়।*

*স্কুল নেতৃত্ব হিসাবে সাম্প্রতিক পদোন্নতির পর, মিসেস সিলভা তাঁর তিন সহকর্মীর শিক্ষার্থীদের পূর্ব শিক্ষণের অভিজ্ঞতা নিতে এবং তাঁরা যা পেয়েছেন তার হিসাব নিতে তাঁদের শিক্ষণকে সমন্বিত করানোর জন্য আগ্রহী ছিলেন। তিনি তাঁর দৃষ্টিভঙ্গি সম্পর্কে নিম্নলিখিত বিষয় বলেছিলেন।*

### ধাপ 1: শিক্ষকদের গঠনমূলক মূল্যায়নের সাথে পরিচিত করা

ক্লাসঘরে শিক্ষণ পরীক্ষা করা এবং আমাদের বড় ও বিচিত্র ক্লাসগুলোতে কিভাবে এটা ব্যবহৃত হতে পারে সে ব্যাপারে যখন কথা বলতে শুরু করেছিলাম, তখন আমি শ্রোতাদের শূন্য দৃষ্টিতে চেয়ে থাকতে দেখি।

সাধারণত শিক্ষকেরা এই আলোচনার জন্য উন্মুখ ছিলেন যে কোন পাঠের বিভিন্ন স্তরে থাকা শিক্ষার্থীদের শিক্ষাদান করা কেমন কঠিন ছিল, কিন্তু তাঁরা শিক্ষার্থীদের বর্তমান স্তর আরও সঠিকভাবে জানলে কিভাবে আরও ফলপ্রসূভাবে শিক্ষাদান করতে পারতে সেটা উপলব্ধি করেননি। তাই আমি গঠনমূলক মূল্যায়ন এবং কিভাবে এটা শিক্ষার্থীদের শিখন উন্নত করতে পারে সে সম্পর্কে কথা বলতে শুরু করি।

### ধাপ 2: গঠনমূলক মূল্যায়নে শিক্ষকদের ব্যবহারিক পরিচয়: স্কুল নেতৃত্বের নেওয়া একটা ক্লাস পর্যবেক্ষণ

আমি অনুভব করেছিলাম যে এ সম্পর্কে বলার দ্বারা তাঁদের বোঝানো যাবে না, তাই আমি কী বলতে চেয়েছি তা প্রদর্শনের জন্য আমার পাঠদানে তাঁদের আমন্ত্রণ জানাই। আমি পর্যবেক্ষকদের কাছে গণিতের একটা পাঠ ও ভাষার একটা পাঠ তুলে ধরি। আমি তাঁদের বলি পাঠের মধ্যে যে বিভিন্ন উপায়ে মূল্যায়ন হচ্ছিল এবং কতবার তা ঘটছিল সে সম্পর্কে নোট করতে। আমার পরামর্শ ছিল যে, এটা হতে পারে আমি শিক্ষার্থীদের মূল্যায়ন করছি, অথবা শিক্ষার্থীরা নিজেদেরকে বা পরস্পরকে মূল্যায়ন করছে। আমি শিক্ষকদের নোট করতে বলেছিলাম যে কিভাবে মূল্যায়নগুলো রেকর্ড করা হচ্ছে (বা করা হচ্ছে না), এবং আমার শিক্ষাদানকে অবহিত করতে আমি কিভাবে মূল্যায়নকে ব্যবহার করছি; উদাহরণস্বরূপ, আমি কি কি প্রশ্ন করেছি, কি কি মন্তব্য করেছি এবং কি কি উদাহরণ ব্যবহার করেছি।

আমি এটাও বিশেষভাবে উল্লেখ করি যে শিক্ষার্থীরা আটকে গেলে আমি তাদের কী মন্তব্য করেছিলাম এবং সময়ে সময়ে আমি শিক্ষার্থীদের কিভাবে মতামত দিয়েছিলাম এগুলো লিখে রাখা গুরুত্বপূর্ণ। শিক্ষার্থীদের এভাবে মতামত দেওয়া কতটা প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ যাতে তারা তাদের কাজ উন্নত করতে পারে তা শিক্ষকদের বোঝানোর জন্য এটা গুরুত্বপূর্ণ।

### ধাপ 3: ক্লাসঘরে স্কুল নেতৃত্বের শিক্ষণ পর্যবেক্ষণের ওপর শিক্ষকদের সাথে আলোচনা

আমাদের চলমান শিক্ষাদান ও শিক্ষণের অংশ হিসাবে একটা সভায় আমরা শিক্ষার্থীদের মূল্যায়ন করার বিষয়ে আলোচনা করেছিলাম। কিছু বিষয় শিক্ষকদের আশ্চর্য করেছিল, যেমন জুটিতে কাজের সময়ে আমি আমার এক শিক্ষার্থীকে বলেছিলাম সহযোগীকে মূল্যায়ন

করতে এবং দলের কাজের সময় আমি দলগুলোকে – শিক্ষক হিসাবে আমার ভূমিকা গ্রহণ করে – পরস্পরকে মূল্যায়ন করতে এবং মতামত দিতে বলেছিলাম।

আলোচনা দীর্ঘায়িত হয়ে সেই প্রশ্ন তালিকা এসেছিল যেগুলো তাঁরা তাঁদের নিজেদের ক্লাসঘরে শিক্ষার্থীদের শিখন মূল্যায়ন করতে জিজ্ঞাসা করতে পারেন। আমি খুব আগ্রহী ছিলাম যাতে এই প্রশ্নগুলো সহায়তামূলক জায়গা থেকে ব্যবহৃত হয় এবং শিক্ষার্থীরা উদ্বিগ্ন বোধ না করে বা তাদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে এমন না ভাবে। একজন শিক্ষার্থী উত্তর দিতে না পারলে, তাকে অন্য একটা চেষ্টা করতে দেওয়া উচিৎ এবং নোট করতে হবে যে কোন জিনিসটা বুঝতে পারেনি।

## ধাপ 4: শিক্ষকদের ক্লাসে গঠনমূলক মূল্যায়ন ব্যবহার পর্যবেক্ষণ করা

একমাসের মধ্যে একটা পাঠ পর্যবেক্ষণের জন্য আমাকে আমন্ত্রণ করতে বলেছিলাম। তাঁদের ধারণা অনুশীলনের জন্য তাঁদের সময় প্রয়োজন ছিল। আমি তাঁদের জানাই যে আমি আমার পর্যবেক্ষণগুলো নোট করব যেহেতু এতগুলো ক্লাসে কী হচ্ছে সবকিছু মনে রাখা আমার পক্ষে সম্ভব হবে না। আমার পর্যবেক্ষণের সময় আমি দেখে আনন্দ পেয়েছিলাম যে শিক্ষকরা সেইসব প্রশ্নগুলো ব্যবহার করছেন যা তাঁদের শিক্ষার্থীদের ভাবায় এবং শিক্ষার্থীরা কী বুঝেছে শিক্ষককে তা জানার সুযোগ করে দেয়। আমি আরও দেখি যে শিক্ষার্থীরা আটকে গেলে তাঁরা সহায়ক মতামত দিচ্ছেন। বেশিরভাগ ক্লাসে শিক্ষার্থীরা দৃশ্যতই জড়িত ছিল এবং জবাব দিতে প্রস্তুত ছিল।

## ধাপ 5: পর্যালোচনা ও চিন্তাভাবনার প্রকাশ

পর্যবেক্ষণের পর আমরা প্রারম্ভিক তালিকায় ফিরে যাই এবং সেগুলোকে পরিমার্জিত করে আরও প্রশ্ন যোগ করি। আমার স্কুলের সমস্ত শিক্ষকের সাথে এই পারস্পরিক ক্রিয়ার সময় আমরা:

- তাঁরা যে সমস্যাগুলোর সম্মুখীন হয়েছিলেন সেগুলো আলোচনা করি
- তাঁরা তাঁদের ক্লাসে কী মূল্যায়ন করেছিলেন ও কিভাবে করেছিলেন সে বিষয়ে অভিজ্ঞতা শেয়ার করি, এবং শিক্ষার্থীদের সাহায্য করার জন্য কী করা প্রয়োজন তা মোটামুটিভাবে স্থির করি
- তাদের ব্যক্তিগত শিক্ষাদান/শিক্ষণ পরিকল্পনার পরিবর্তন ঘটাই
- পরস্পরের সাথে নতুন পরিকল্পনাগুলো শেয়ার করি।

আলোচনার সময়, মিসেস মেহতা নামে এক শিক্ষিকা একটা ভাবনা শেয়ার করেছিলেন, তারপরে অনেক শিক্ষক তাঁদের ক্লাসঘরে সেটা ব্যবহার করেন। তিনি আমাদের বলেছিলেন, তাঁর শিক্ষার্থীদের দ্রুত মূল্যায়ন করতে তিনি তাঁর গণিত ক্লাসে মজার পদ্ধতি ব্যবহার করেন। কোন বিষয় নিয়ে সমস্যা হলে শিক্ষার্থীরা খোলা হাত তুলবে, আর যারা বুঝতে পারার ক্ষেত্রে নিঃসংশয় তারা মুষ্টিবদ্ধ হাত তুলবে। পাঠের যে  কোন স্থানে তাঁর এগোনোর গতি কমিয়ে দিতে অথবা পরবর্তী ধাপে যেতে তিনি এই মূল্যায়ন ব্যবহার করতে পারতেন। যখন প্রায় বুঝতে পারছে তখন তা নির্দেশ করতে শিক্ষার্থীদেরকে হাত বন্ধ করা ও খোলার একটা অতিরিক্ত ইঙ্গিত ব্যবহার করতে বলা হয়েছিল। আমাদের অনেকেই এখন এই কৌশল ব্যবহার করি এবং অনেক সময় তাদের না বললেও শিক্ষার্থীরা হাত তোলা অবস্থায় বন্ধ করা ও খোলা বা খোলা হাত তোলা ব্যবহার করে।

মিসেস মেহতার ভাবনা তাঁর শিক্ষার্থীদের তাঁকে দ্রুত ও কার্যকরীরূপে জানানোর সুযোগ দেয় তারা তাদের কাজ বুঝেছে কিনা। অবশ্য, নেতৃত্ব হিসেবে আপনাকে কয়েকটা বিষয় দেখতে হবে যাতে নিশ্চিত করা যায় যে এই ভাবনাটা গঠনমূলকরূপে ব্যবহার করা হচ্ছিল:

- শিক্ষার্থীরা কি জানে তারা কী নিয়ে কাজ করছে? তাদের কি নিজেকে বিচার করার মত মানদণ্ড আছে যে তারা কতটা সফল? মিসেস মেহতার ক্ষেত্রে, তাঁর শিক্ষার্থীদের যেগুলো শেখা প্রয়োজন তিনি ব্ল্যাকবোর্ডে সেই দক্ষতাগুলোর তালিকা করে থাকতে

পারেন, অথবা তাদের একটা জটিল প্রশ্ন দিয়ে থাকতে পারেন যার জন্য তারা যে গণিত শিখছিল তার ভাল বোধ প্রয়োজন। তারপর শিক্ষার্থীরা বিচার করতে পারত যে তারা সেই দক্ষতা ব্যবহার করতে বা সমস্যার সমাধান করতে পারে কিনা।

- এই মূল্যায়নের ফলে কী ঘটে? মূল্যায়ন একমাত্র তখনই গঠনমূলক হয় যখন পরবর্তী শিক্ষণ অ্যাক্টিভিটি এমনভাবে পরিবর্তিত করা হয় যাতে মূল্যায়ন যা প্রদর্শন করে তার প্রতিফলন ঘটে। মিসেস মেহতা যখন দেখেন তাঁর শিক্ষার্থীরা তাল মিলিয়ে চলতে পারছে না তখন তিনি গতি কমিয়ে দেন, কিন্তু কখনও কখনও প্রত্যেক শিক্ষার্থীকে অগ্রগতি বজায় রাখার সুযোগ দিতে শিক্ষকদের হাতে অবশ্যই অনেকগুলো ধারণা থাকতে হয়।

# 3 আপনার স্কুলে মূল্যায়ন অনুশীলন

শিক্ষণ দক্ষতা বা লার্নিং স্কিলের জন্য এই মূল্যায়নগুলো গড়ে তুলতে শিক্ষার্থীদের অবশ্যই সহায়তা করা প্রয়োজন। এটা করতে, স্কুল নেতৃত্ব এবং শিক্ষকদের অবশ্যই:

- শিক্ষণের জন্য মূল্যায়নের নীতিগুলো বুঝতে হবে
- জানতে হবে যে ক্লাসঘরের কার্যকলাপের মাধ্যমে কিভাবে এই দক্ষতাগুলোর বিকাশ ঘটানো যেতে পারে এবং এই অ্যাক্টিভিটিগুলো কিভাবে শিক্ষার্থীদের মতামত দানের সুযোগ হিসাবে কাজ করতে পারে এবং আরও ফলপ্রসূ রূপে শিক্ষাদান ও শিক্ষণের পরিকল্পনায় সাহায্য করতে পারে।

স্কুলে মূল্যায়ন পরিবর্তন প্রয়োগের আগে, এখন কী ঘটছে এবং কিভাবে শিক্ষকেরা মূল্যায়নকে দেখছেন তা বোঝা সবসময় প্রয়োজনীয়। পরবর্তী অ্যাক্টিভিটি আপনাকে আপনার স্কুলের পাঠ্যে কী ধরনের মূল্যায়ন চলছে তা জানতে সাহায্য করে যাতে আপনি ক্লাসে মূল্যায়ন করার ক্ষেত্রে সৃষ্টিশীল কৌশল গ্রহণ করতে শিক্ষকদের সক্ষম করে তুলতে পারেন।

## অ্যাক্টিভিটি 2: আপনার স্কুলে মূল্যায়ন অনুশীলনে দৃষ্টিপাত

সর্বোচ্চ পাঁচজন শিক্ষককে তাঁদের সেই সপ্তাহে ব্যবহার করা একটা মূল্যায়নের কাজ বর্ণনা করতে বলুন। তাঁদের প্রশ্ন করুন সেই মূল্যায়ন থেকে তাঁরা শিক্ষার্থীদের সম্পর্কে কী শিখেছেন এবং শিক্ষার্থীরা তা থেকে কী শিখেছে।

গঠনমূলক মূল্যায়ন কতটা পরিমাণে ব্যবহৃত হচ্ছে তা জানার ক্ষেত্রে, যেখানে শিক্ষার্থীদের তৎক্ষণাৎ মূল্যায়ন মতামত দেওয়া হয়েছে অথবা শিক্ষার্থীদের শিখন উন্নত করতে সাহায্য করার জন্য শিক্ষণের কাজে পরিবর্তন করা হয়েছে তেমন উদাহরণগুলোর ক্ষেত্রে আপনি প্রমাণ খুঁজতে পারেন। আপনার শিক্ষকেরা এর সম্পর্কে সচেতন না হয়েও গঠনমূলক মূল্যায়ন ব্যবহার করছেন কিনা তা নির্ণয় করতে এটা আপনাকে সাহায্য করবে।

আপনার এই কথোপকথনগুলো হয়ে গেলে, নিচের প্রশ্নগুলোর উত্তর দিন, আপনার শিক্ষণের দিনলিপিতে উত্তরগুলো নোট করুন:

- কোন ধরনের মূল্যায়ন সবথেকে প্রচলিত বলে মনে হয়?
- গঠনমূলক মূল্যায়ন ঘটার প্রমাণ আছে কি? তা থাকলে, উদাহরণ দিন।
- শিক্ষকেরা কি শিক্ষার্থীদের জন্য মূল্যায়ন মতামত থেকে শেখার স্পষ্ট আকাঙ্ক্ষা প্রকাশ করেন? অন্য কথায় বলতে গেলে, তাঁরা কি শিক্ষণের মূল্যায়নের বিপরীতে শিখনের জন্য মূল্যায়নের ভূমিকা বোঝেন?
- তাঁরা আপনার সাথে মূল্যায়নের উদ্দেশ্য বা ব্যবহার সংক্রান্ত যে আলোচনা করেছেন তা গঠনমূলক করে তোলার জন্য আপনি কী পরামর্শ দিতে পারেন?

**আলোচনা করা**

আপনার স্কুলে শিক্ষকদের প্রেক্ষাপট এবং কর্মীর করা পাঠক্রমের ব্যাখ্যার ওপর নির্ভর করে অন্যটার তুলনায় এক ধরনের মূল্যায়নের ওপর বেশি জোর পড়তে পারে। আপনার এ বিষয়েও সচেতন হওয়া প্রয়োজন যে আপনি তাদের থেকে যা আশা করেন বলে তারা মনে করে তার কিছু প্রতিফলন তাদের উত্তরে ঘটবে।

আপনি হয়ত দেখতে পারেন যে পাঠক্রমের কিছু কিছু নির্দিষ্ট অংশে কিছু চমৎকার অনুশীলন রীতি ইতিমধ্যেই রয়েছে যা আপনি ভাল অনুশীলনের উদাহরণ হিসেবে ব্যবহার করতে পারেন। আপনি এই কার্যকলাপের পরে একটা কর্মীসভা করতে পারেন যেখানে আপনি মূল্যায়ন থেকে শিখনের সম্ভাবনাগুলোর ওপর জোর দেবেন এবং আপনার আবিষ্কৃত গঠনমূলক মূল্যায়নের যথাযথ ব্যবহারের বিষয়ে বিশেষ উল্লেখ করবেন। ভাল অনুশীলনের ক্ষেত্রগুলো ও যে সহায়ক কর্মীদের অতিরিক্ত সাহায্য প্রয়োজন তাদের চিহ্নিত করতে আপনাকে সাহায্যের জন্য আপনি স্কুলের মূল্যায়নের ক্ষেত্রে দৃষ্টি নিবদ্ধ করার সিদ্ধান্ত নিতে পারেন।

নিয়মিত গঠনমূলক মূল্যায়ন প্রতিষ্ঠা করার ক্ষেত্রে তাঁদের সাহায্য করার জন্য আপনি শিক্ষকদের ছোট ছোট দলের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করতে পারেন।

## শিক্ষার্থীদের যুক্ত করুন

কর্মীদের পরিপ্রেক্ষিত এবং মূল্যায়নের ক্ষেত্রে তাঁদের পরিপ্রেক্ষিত খুব গুরুত্বপূর্ণ। যদিও, তারা কেবল প্রক্রিয়ার একটা অংশ। গঠনমূলক মূল্যায়নের সফল প্রয়োগের ভিত্তি হিসাবে দুটি প্রশ্ন আছে:

1. শিক্ষকেরা কি মূল্যায়নের সুযোগগুলো থেকে শিক্ষার্থীদের ফলপ্রসূ ভাবে সাহায্যের জন্য প্রয়োজনীয় তথ্য পাচ্ছেন?
2. ফলপ্রসূ ভাবে শেখার জন্য এবং তাদের সামর্থ্যের বিকাশ ঘটানোর জন্য শিক্ষার্থীরা কি প্রয়োজনীয় মতামত পাচ্ছে?

শিক্ষার্থীদের গঠনমূলক মূল্যায়নের অভিজ্ঞতা সম্পর্কে জিজ্ঞাসা করা এবং মূল্যায়ন ও মতামত দেওয়ার উন্নতি ঘটানোর জন্য তারা যাই পরামর্শ দিক সেগুলো শোনার ক্ষেত্রে সময় রাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ। শিক্ষার্থীদের যুক্ত করা প্রত্যেক মূল্যায়নের সুযোগের মধ্যেই নিহিত থাকা উচিৎ, যাতে শিক্ষক বুঝতে পারেন যে শিক্ষার্থীরা মূল্যায়ন থেকে কী পেয়েছে এবং তাদের শিক্ষণের ক্ষেত্রে পরবর্তী ধাপগুলো যৌথভাবে চিহ্নিত করতে পারেন। এইভাবে, মূল্যায়ন হয় ব্যক্তির সম্পর্কে, যা পার্থক্যীকৃত মূল্যায়ন বলেও পরিচিত। আপনার পক্ষে সম্পদ 2, 'নিরীক্ষণ ও মতামত দান', আপনার টিমের সাথে শেয়ার করা উপযোগী হতে পারে।

# 4 শিক্ষণের উদ্দেশ্যসমূহ প্রতিষ্ঠা

গঠনমূলক মূল্যায়ন একমাত্র তখনই কার্যকর হতে পারে যখন শিক্ষক জানেন যে শিক্ষার্থীরা কোন দিকে এগোচ্ছে। নেতৃত্ব হিসাবে, আপনার দায়িত্ব শিক্ষকদের শিক্ষাবর্ষের মধ্যে কাজ শেষ করা, পাঠের ক্রম শেষ করা এবং নির্দিষ্ট অ্যাক্টিভিটি শেষ করার লক্ষ্য রাখা নিশ্চিত করা উচিৎ।

শিক্ষকদের গঠনমূলক মূল্যায়ন গড়ে তুলতে সাহায্য করার জন্য সংক্ষিপ্ত, মাঝারি ও দীর্ঘ সময়ের ক্ষেত্রে শিক্ষার্থীদের স্পষ্ট লক্ষ্য ঠিক রাখা প্রয়োজন। একটা বিধিকে উপকরণ হিসাবে ব্যবহার করে কিভাবে আপনি তা করার জন্য শিক্ষকদের সহায়তা করতে পারেন সেটা ভাবতে অ্যাক্টিভিটি 3 আপনাকে সাহায্য করবে। বিভিন্ন স্তরের অর্জন মূল্যায়ন করতে একটা বিধান রচনার ক্ষেত্রে সম্পদ 3 কিছু নির্দেশনা দেয়। সারণী 1 ও 2 দুটি বিপরীতধর্মী বিধির উদাহরণ যা ভিন্ন ভিন্ন স্তরে ও ভিন্ন মানদণ্ডে মূল্যায়ন করে থাকে।

***সারণি 1** মিডল ও হাই স্কুলের জন্য জটিল-চিন্তা বিধান। (উৎস: ইন্টেলেকচুয়াল টেকআউট, তারিখবিহীন)*

| Performance levels | Idea: generating an interpretation | Evidence: using support from the text | Response: learning with and from other students |
|---|---|---|---|
| 7<br>Extends interpretation | Extends idea to interpret text as a whole<br>• Identifies themes, issues, author's perspective<br>• Goes beyond the question, widens the issues under discussion | Brings together evidence from the whole text<br>• Uses both major incidents and subtle details<br>• Compares and weighs evidence | Seeks out other students' ideas<br>• Asks questions to clarify other students' ideas and suggests possibilities<br>• Suggests support for others' ideas |
| 6<br>Builds interpretation | Elaborates on own ideas<br>• Defines terms, explores implications<br>• Resolves inconsistencies | Builds case from several different passages<br>• Retraces process of thinking<br>• Continues to add evidence during discussion | Incorporates other students' ideas and evidence<br>• Agrees or disagrees with specific parts<br>• Follows whole discussion |
| 5<br>Explains answer | Explains how an idea answers the question<br>• Relates actions and characters to each other<br>• To clarify, spells out own assumptions, relates them to the question | Explains how a passage supports an idea<br>• Explores meanings, connotations for relevant words, phrases<br>• Sees when evidence works against own idea | Explains and gives reasons for agreement and disagreement<br>• Critiques or supports other students' ideas<br>• Asks other students simple questions |
| 4<br>Understands issues | Fully understands the interpretative issue<br>• Infers motives and causes, addresses the question directly<br>• To clarify, tells more about the answer | Understands the need for evidence<br>• Spontaneously looks back into the text<br>• Focuses on relevant sentences | Understands and roughly summarises other students' ideas<br>• May be convinced by others<br>• Follows others' counter-arguments |
| 3<br>Recognises alternatives | Asserts a considered answer, aware of alternative ideas<br>• May hesitate between answers<br>• To clarify, paraphrases answer | Supports answer against alternative answer<br>• Locates relevant major passages<br>• Reads or recounts whole passages | Recognises alternative answers and agrees or disagrees simply |
| 2<br>Offers simple, quick answers | Gives quick, simple answer to question<br>• All-or-nothing snap judgment<br>• To clarify, repeats answer | Tends not to volunteer support; offers support only when asked<br>• Recalls major text facts<br>• Considers answers self-evident | Reacts briefly/quickly to other students' answers without talking about them |
| 1<br>Begins to answer | Talks about the text without addressing the question | May retell the story or event, or give an opinion about something mentioned in the text | Allows others to speak without interrupting |

***সারণি 2** প্রাথমিক গ্রেড স্তরের শিল্প বিধি। (উৎস: ভ্যালেরি বার্গার, তারিখবিহীন)*

| Category | Expert | Competent | Novice | Needs development |
|---|---|---|---|---|
| Craftsmanship | Form is carefully planned, form is balanced. Edges are smooth, refined. Walls are even thickness. Joining is secure and hidden. All surfaces are smooth, without burrs or wobbles. | Form is somewhat planned, and is slightly asymmetrical. Most edges are smooth, refined. Walls are even thickness with minimum wobbles. Joining is secure and hidden. Most surfaces are smooth, without any burrs. | Form is unplanned and lacks balance. Some edges are smooth but many are unrefined. Joining is secure but is obvious. Walls vary in thickness with some 'wobbles'. Surfaces are mostly smooth with some wobbles, but some burrs are evident. | Form lacks planning and effort. Surfaces are uneven thickness, burrs readily appear. Joining is insecure. Surfaces and edges are unrefined. |
| Creativity | Design is unique, and displays elements that are totally their own. Evidence of detail, pattern or unique applications. | Design is expressive; has some unique features. Has 'branched out' to some degree. | Design lacks individuality. Has few details or is not appropriate for the form being expressed. Evidence of copying ideas. | Lacks many design elements or interest. Has minimal additional features or copies the ideas of others. Not much attempt to shown individuality. |
| Production/effort | Uses class time to the maximum. Always on task. Time and effort are evident in the execution of the piece. | Uses class time for work but is sometimes distracted by others. Work falls short of excellence. | Has difficulty focusing on the project much of the time. Easily distracted by others. | Hardly evidences caring about quality of the work. No additional effort is noted than to complete it. |
| Work habits/attitude | Is respectful and open to positive suggestions. Cleans work area thoroughly. | Is respectful and accepts suggestions. Cleans work area most of the time. | Lacks openness for suggestions for improvement. Has difficulty being on task to cleaning up. | Leaves cleaning up to others. Has an 'attitude' and is not open to assistance from suggestions. |

## অ্যাক্টিভিটি 3: শিখন উদ্দেশ্য প্রতিষ্ঠায় শিক্ষকদের সহায়তা

নিম্নলিখিত সংলাপে দেখা যায়, স্কুল নেতৃত্ব শিক্ষককে খেলার আকারে লেখার দক্ষতা মূল্যায়ন করার বিধি রচনা করতে সাহায্য করার জন্য কাজ করছেন। এটা পড়ার সময় আপনার শিখন দিনলিপিতে নোট করুন কি করতে হবে তা না বলে স্কুল নেতৃত্ব কিভাবে অন্যান্য শিক্ষকদের নিজেকে ভাবতে সক্ষম করে তুলেছে।

| | |
|---|---|
| **শিক্ষক** | গল্পটাকে নাটকে রূপান্তরিত করতে, শুরুতে স্থান ও অভিনয়কারী এবং চরিত্রগুলো ঠিক করতে আমি শিক্ষার্থীদের বলেছি। আমি মঞ্চ নির্দেশনার ওপর একটা চার্ট তৈরী করছি যেটা তারা ব্যবহার করতে পারে এবং ব্ল্যাকবোর্ডে লাগিয়ে রাখতে পারে। আমি নিশ্চিত নই যে আমি তাদের যে কাজ দিয়েছি কিভাবে তার বিধান সাজাব। |
| **স্কুল নেতৃত্ব** | ভাল কথা, শুরু করার পক্ষে একটা ভাল জায়গা হতে পারে নাটকটা লেখার ক্ষেত্রে আপনি শিক্ষার্থীদের কি কি প্রদর্শনে সমর্থ করতে চান সেগুলো চিহ্নিত করা। উদাহরণস্বরূপ, আপনি কি চান তারা আপনার তালিকার সমস্ত মঞ্চ নির্দেশনা ব্যবহার করুক? |
| **শিক্ষক** | আপনি কি মনে করেন তারা সেটা করতে সক্ষম হবে? |
| **স্কুল নেতৃত্ব** | ভাল কথা, সেটা নির্ভর করে আপনি কতগুলোকে তালিকায় রাখছেন এবং সাধারণত নাটক লেখার ক্ষেত্রে তারা কতটা অভ্যস্ত। |
| **শিক্ষক** | তাদের মধ্যে বেশিরভাগই হামেশাই এতে অভ্যস্ত। ডিসপ্লে বোর্ডে আমি আটটা মঞ্চ নির্দেশনা রেখেছি। সহজ দুটো হল 'প্রস্থান' ও 'প্রবেশ', আর কঠিনগুলো হল 'মঞ্চের আড়াল থেকে', 'মঞ্চের সম্মুখভাগে গিয়ে', 'মঞ্চের মাঝ থেকে বলছে' … |
| **স্কুল নেতৃত্ব** | অতএব যে শিক্ষার্থী তার নাট্য রচনায় সমস্ত মঞ্চ নির্দেশনা ব্যবহার করে সে জানবে কেন সেগুলো ব্যবহার করতে হয় এবং সেগুলো ব্যবহার করার কারণগুলো কী? |
| **শিক্ষক** | হ্যাঁ, তারা তাদের দক্ষতা প্রদর্শনের সময় আমি ক্লাসে এগুলো সবই আলোচনা করেছিলাম, যাতে শো চালাতে গিয়ে তারা থিয়েটারের শৈলী সম্পর্কেও শিখতে পারে। আমার মনে হয় বার্ষিক দিবস উদযাপনের সময় এটা সাহায্য করবে। |
| **স্কুল নেতৃত্ব** | আমি এখন বুঝতে পারছি যে আপনার ক্লাসের শিক্ষার্থীরা সবসময় অ্যাসেম্বলিতে ভাল হাজিরা দেয় কেন। আমি ভাবছি যে শিক্ষার্থী আটটা মঞ্চ নির্দেশনাই যথাযথরূপে ব্যবহার করে তাকে কি অসাধারণ হিসাবে গ্রেড দেওয়া হবে? |
| **শিক্ষক** | হুঁ। আমার মনে হয় যেগুলো প্রদর্শিত তার চেয়েও বেশি মঞ্চ নির্দেশনা ব্যবহার করলে তাদের অসাধারণ বলা যাবে। আপনি কী বলতে চান তা বুঝেছি। তাহলে আমি বলতে পারি মাত্র দুটো মঞ্চ নির্দেশনা ব্যবহৃত হলে শিক্ষার্থীর মনোযোগ প্রয়োজন। যে প্রদর্শিত আটটাই ব্যবহার করে সে হবে একজন A-গ্রেড শিক্ষার্থী। আমার আন্দাজ গড় হবে ছয়টি নির্দেশনা ব্যবহার করা, আর যে শিক্ষার্থীদের স্ক্রিপ্টে চারটে নির্দেশনাই অংশীভূত হয়েছে তাদের সন্তুষ্টিজনক C দেওয়া যাবে। |
| **স্কুল নেতৃত্ব** | আমরা যেন উপযুক্ততার বিষয়টা ভুলে না যাই। তাহলে আমি বলব যে 'অসাধারণ' গ্রেড এটাও বোঝায় যে নির্দেশনাগুলো যথাযথভাবে ব্যবহার করা হয়েছে। |

| | |
|---|---|
| **শিক্ষক** | ঠিক আছে, আমি এটা নিয়ে কাজ করি এবং তারপর আপনাকে আবার জানাব। আমার মনে আরও কিছু মানদণ্ড আছে। |

**আলোচনা করা**

আপনি লক্ষ্য করেছেন যে স্কুল নেতৃত্বের প্রশ্ন শিক্ষককে তাঁর মূল্যায়ন সম্পর্কে ভাবতে সাহায্য করছে। আরও বেশি মানদণ্ড সহ একটা মূল্যায়ন বিধি সৃষ্টির ব্যাপারে তাঁর স্বচ্ছতর ধারণা ও আকাঙ্ক্ষা তৈরী হয়।

এই শিক্ষকের বোধ গড়ে তোলার ক্ষেত্রে সমস্যার বিষয় হল তাঁর ব্যবহার করা মানদণ্ড (ব্যবহৃত মঞ্চ নির্দেশনার সংখ্যা) কিন্তু গঠনমূলক মূল্যায়ন নয়। তিনি যদি শুধু তাঁর প্রারম্ভিক মানদণ্ড ব্যবহার করতেন (মঞ্চ নির্দেশনার সংখ্যা = গ্রেড), তাহলে আরও মঞ্চ নির্দেশনা ব্যবহার করা ছাড়া শিক্ষার্থীর শিখন উন্নত করার জন্য তাঁর পক্ষে ফলপ্রসূ গঠনমূলক মতামত প্রদান করতে পারা মুশকিল হত।

কাজের অন্য দিকগুলোতে মানদণ্ড যোগ করার মাধ্যমে (উদা. মঞ্চ নির্দেশনার যথাযথ ব্যবহার), শিক্ষার্থীদের শিখন মূল্যায়ন করতে বলার থেকে বরং শিক্ষক বা শিক্ষার্থীরা নিজেরাই শিখনের **জন্য** মূল্যায়ন করতে পারেন।

শিখনের জন্য মূল্যায়নে সহায়তা করতে মানদণ্ড ব্যবহারে শিক্ষকদের সাহায্য করা: শুধুমাত্র ধারণাটা বোঝার জন্যই নয়, মূল্যায়নের সুযোগগুলো পরিকল্পনা করা এবং বিধান গড়ে তোলা (যেখানে মূল্যায়নের মানদণ্ড কর্মক্ষমতা প্রদর্শনের মানের সঙ্গে যুক্ত), ক্লাসঘরে ভিন্ন ধরনের সংলাপ গড়ে তোলার জন্যেও প্রয়োজন। এই সংলাপ বিধি ব্যবহারকারী শিক্ষক ও শিক্ষার্থীর মধ্যে তাঁদের শিক্ষণ নিয়ে এবং শিক্ষণের জন্য পরবর্তী পদক্ষেপগুলো আলোচনার জন্য হতে পারে, কিন্তু একইসাথে শিক্ষার্থীদের স্ব বা সমকক্ষ-মূল্যায়ন করাও এর অন্তর্ভুক্ত করতে পারে যাতে তারা তাদের নিজেদের শিখন সম্পর্কে বোঝে ও নিয়ন্ত্রণের দায়িত্ব নিতে পারে।



**চিত্র 3** জুটিতে কাজ করা।

আপনি এর আগে কোন বিধি ব্যবহার করে না থাকলে, কী করে এমন একটা বিধি লিখতে ও ব্যবহার করতে হয় যা মূল্যায়ন করে যে জ্ঞান ও দক্ষতার ক্ষেত্রে শিক্ষার্থীরা কতটা পরিমাণে মানদণ্ড পূরণ করেছে, তা বোঝার জন্য সম্পদ 3-এর নির্দেশিকা দেখুন। আপনার শিক্ষকদের এই দৃষ্টিভঙ্গি গ্রহণে উৎসাহিত করতে আপনি তাঁদের ব্যবহারের জন্য একটা টেমপ্লেট প্রস্তুত করতে পারেন।

## অ্যাক্টিভিটি 4: একটা বিধি ব্যবহারের উদাহরণ

নিচে একটা চিহ্নিত কার্যভার ও মূল্যায়ন বিধি ব্যবহার করা নিয়ে শিক্ষার্থী ও শিক্ষকের মধ্যে সংলাপের একটা উদাহরণ দেওয়া হল। এটা পড়ার সময়, আপনার শিক্ষণ দিনলিপিতে নোট করুন যে শিক্ষার্থীর শিখনে সহায়তা করতে শিক্ষক কী করেন। কল্পনা করুন যে আপনি আপনার স্কুলে এই সংলাপ হতে দেখেছেন এবং আপনি শিক্ষককে কী মতামত দিতেন তা ভাবুন।

| | |
|---|---|
| **শিক্ষক** | এ নাও তোমার উত্তর পত্র – গত মূল্যায়ন থেকে তোমার গ্রেড উন্নত হয়েছে। এটা ভাল করে দেখ আর আমায় বল যে তুমি কিসে কিসে ভাল করেছ আর কোথায় আরও উন্নতি করা প্রয়োজন বুঝলে কিনা। |
| **শিক্ষার্থী** | আমি A চেয়েছিলাম। আপনি আমায় B+ দিয়েছেন। আমার ঠিক পছন্দ নয়! আমি তো সবকিছুর উত্তর দিয়েছি। আমি বুঝতে পারছি না আমি কী লিখিনি। |
| **শিক্ষক** | এস দুজনে মিলে একবার বিধান দেখি। দ্বিতীয় মানদণ্ড রাণী লক্ষ্মীবাঈ-এর সিদ্ধান্তের পেছনে যুক্তির ক্রমে গুরুত্ব দেয়। |
| **শিক্ষার্থী** | আচ্ছা, আমার মতে এটা ঠিক ক্রম! |
| **শিক্ষক** | আমি বুঝতে পারছি তুমি মনে কর যে তোমার পক্ষে তোমার ক্রমটা যথেষ্ট ভাল। ইতিহাসের ক্ষেত্রে আমাদের নিজেদের চিন্তার ধরন থেকে বেরিয়ে যাঁরা সিদ্ধান্ত নিয়েছিলেন তাঁদের দৃষ্টিভঙ্গি থেকে ভাবা প্রয়োজন। এসো দেখা যাক – তোমার কেন মনে হয় যে প্রত্যক্ষ কারণগুলো দিয়ে শুরু করে তারপরে সংঘর্ষ গড়ে ওঠার অন্যান্য কারণগুলো আলোচনা করা উচিৎ? |
| **শিক্ষার্থী** | প্রকৃতপক্ষে, আমার মনে হয় প্রত্যক্ষ কারণটা সাধারণত গুরুত্বপূর্ণ নয়। আপনি জানেন অনেক বছর ধরে যে অন্যায় সিদ্ধান্তগুলো নেওয়া হয়েছিল সেগুলোর জন্যই তারা ক্রুদ্ধ হয়েছিল আর কার্তুজের ব্যাপারে গুজবটা তারা অজুহাত হিসেবে ব্যবহার করেছিল। |
| **শিক্ষক** | তুমি সত্যিই কিছুটা বিপর্যস্ত কিন্তু তোমার চিন্তাভাবনা সহজ! তোমার আন্দাজ একেবারে ঠিক! তাহলে তুমি যখন প্রত্যক্ষ কারণ দিয়ে শুরু করছ, একভাবে দেখতে গেলে তুমি অজুহাতের ওপরই জোর দিচ্ছ। তারপর তুমি দীর্ঘ সময় ধরে যে কারণগুলো তৈরী হয়েছিল পদ্ধতি অনুসারে সেগুলোকে চিহ্নিত কর। এই ক্ষেত্রে তুমি যদি আটটা কারণ দেখ, তুমি একটা অনুক্রম চিহ্নিত করতে পারবে যা সবথেকে গুরুত্বপূর্ণ কারণ বুঝতে সাহায্য করে। |
| **শিক্ষার্থী** | আপনি কী বলতে চান তা বুঝেছি। আমি যেভাবে কারণগুলোর ক্রমবিন্যাস করি সে ব্যাপারে আমাকে আরও সতর্ক হতে হবে এবং আমার ক্রমবিন্যাসের যুক্তিও থাকতে হবে! |
| **শিক্ষক** | একেবারে ঠিক। এভাবে কর, আর পরের সপ্তাহের মূল্যায়নে কিছুতেই তোমায় A না দিয়ে পারা যাবে না। তুমি সত্যিই ভাল লিখেছিলে। |
| **শিক্ষার্থী** | আপনাকে অনেক ধন্যবাদ! আমি যদি আরও চিন্তাভাবনা করে উত্তরে ক্রমবিন্যাস করি, আপনি কি একবার দেখবেন? |
| **শিক্ষক** | নিশ্চয়ই! বাড়িতে ঐভাবে লিখো, এবং আমাকে আগামীকাল দেখিও। |
| **শিক্ষার্থী** | আবারও ধন্যবাদ, সত্যিই খুব সাহায্য হল! |

**আলোচনা করা**

গ্রেড দেওয়ার পর এই সংলাপ শুরু হয়। শিক্ষার্থী রক্ষণাত্মকভাবে এবং ক্রুদ্ধভাবে শুরু করে। গ্রেড ব্যবস্থা এই ধরনের প্রভাব সৃষ্টি করে: যদি উন্নতি সম্পর্কে আলোচনা করার পর গ্রেড দেওয়া হত তবে শিক্ষার্থী অনেক বেশি গ্রহণক্ষম হত। দেখা যাচ্ছে, শিক্ষার্থী উন্নতি করতে আগ্রহী। অধিবেশনের শেষে সে জানে কী করতে হবে আর বিধিকে আরও বেশি ব্যবহার করে এই বোধের জায়গায় এসেছে। শিক্ষার্থী কী অর্জন করেছে এবং অগ্রগতির জন্য তাদের কি কি করা প্রয়োজন তা বিশেষভাবে উল্লেখ করার জন্য এই সংলাপ বিধানে স্পষ্টভাবে নির্দেশিত মানদণ্ড ব্যবহার করেছে। গ্রেড নিয়ে আলোচনার কোন প্রয়োজন ছিল না। তার বদলে, কী অর্জিত হয়েছে এবং আরও কি কি অর্জন করতে হবে সে সম্পর্কে সংলাপ তাদের অসফল অনুভব না করিয়ে প্রত্যেক শিক্ষার্থীকে অগ্রগতির জন্য সক্ষম করে তুলবে।

এইভাবে শিখনের আলোচনা করতে অন্য শিক্ষকদের ক্ষমতার বিকাশ ঘটানোর জন্য সতর্ক পরিকল্পনা প্রয়োজন। ফলপ্রসূ অনুশীলন রীতি সামনে তুলে ধরার জন্য আপনি কিছু সুযোগ বিবেচনা করতে পারেন, যেমন শিক্ষকদের নিজস্ব কেস স্টাডি তৈরী করতে ও শেয়ার করতে বলা, অথবা পাঠ পর্যবেক্ষণ করা এবং গঠনমূলক মতামতের প্রশংসা করা।

আপনি আরও বিবেচনা করতে চাইতে পারেন যে আপনি গঠনমূলক মূল্যায়নের সাথে যুক্ত হতে শিক্ষার্থীদের কিভাবে সহায়তা করবেন – আপনি লক্ষ্য করে থাকতে পারেন যে এই শিক্ষার্থী প্রথমে শুধু গ্রেডই দেখেছিল এবং কিভাবে উন্নতি করতে হবে সে সম্পর্কে আলোচনায় যুক্ত হতে চায়নি। গঠনমূলক মূল্যায়ন ক্লাসঘরের নিয়ম হয়ে গেলে, শিক্ষার্থীরা প্রক্রিয়ার মধ্যে যুক্ত হবে এবং আরও বেশি করে স্বয়ংসম্পূর্ণ শিক্ষার্থী হয়ে উঠবে।

# 5 শিক্ষার্থীর অগ্রগতি অনুসরণ করতে মূল্যায়নের উপাত্ত ব্যবহার করা

শিক্ষার্থী হিসাবে তাদের আরও সর্বাত্মকরূপে বিকাশে সহায়তা করার সাথে, শিক্ষণের জন্য মূল্যায়ন শিক্ষার্থীদের অগ্রগতি সম্পর্কে শিক্ষকদের নিয়মিত মূল্যায়নের উপাত্ত সংগ্রহ করতে দেয়। পরিণতিতে এটা আরও ব্যক্তিগতকৃত ও লক্ষ্য নির্দিষ্ট অ্যাক্টিভিটি ও মতামতের সুযোগ দেয় যা শিক্ষার্থীদের পক্ষে যথোপযুক্ত, যা পার্থক্যীকরণ হিসাবে পরিচিত।

কিছু শিক্ষার্থী তাদের শিখনের ক্ষেত্রে ক্রমবর্ধমান বদল ঘটায়; অন্যরা উল্লম্ফন দ্বারা উন্নতি করে। শিক্ষার্থীরা কিভাবে শেখে এ বিষয়ে যে শিক্ষকরা সচেতন তাঁরা ক্লাসে বিভিন্ন প্রয়োজন পূরণ করতে একই সাথে চালানোর মত বৈচিত্র্যপূর্ণ অ্যাক্টিভিটি ব্যবহার করবেন। এর লক্ষ্য হল প্রত্যেক শিক্ষার্থীকে যথাযথভাবে চ্যালেঞ্জের সম্মুখীন করা, যাতে কোন শিক্ষার্থী পেছনে পড়ে না থাকে, এবং যারা ভাল অগ্রগতি করছে তারাও ফলপ্রসূ ভাবে শিখতে পারে।

ক্লাসে প্রত্যেক শিক্ষার্থীর একটা আলাদা শুরুর বিন্দু আছে। শিক্ষককে অবশ্যই প্রত্যেক শিক্ষার্থীর ভিত্তিরেখা জানতে হবে। এটা শিক্ষকদের এমনভাবে অ্যাক্টিভিটি পরিকল্পনা করতে সক্ষম করে যাতে সেগুলো তাঁদের সমস্ত শিক্ষার্থীর প্রয়োজনের পক্ষে যথোপযুক্ত হয়, এবং সমস্ত শিক্ষার্থীকে কার্যকরী রূপে শিখতে সহায়তা করার জন্য এই অ্যাক্টিভিটি গুলোর ওপর ভিত্তি করে গঠনমূলক মতামতকে আলাদা করতে পারেন।

## অ্যাক্টিভিটি 5: শিক্ষার্থীর অগ্রগতি অনুসরণ করতে মূল্যায়নের উপাত্ত ব্যবহার করা

কিছুটা সময় দিয়ে ভাবুন আপনি কিভাবে পরীক্ষা করবেন যে আপনার শিক্ষকেরা:

- যে ক্লাসগুলোতে পড়াচ্ছেন তার শিক্ষার্থীদের জন্য তাঁদের ভিত্তিরেখা আছে
- আলাদা শিখন প্রদান করেন
- গঠনমূলক মূল্যায়ন রেকর্ড করেন
- তাঁদের শিক্ষার্থীদের অনুসরণ করেন।

আপনি ব্যবহার করতে পারেন এমন তথ্যের উৎস এবং আপনি কিভাবে প্রমাণ পাবেন সে সম্পর্কে আপনার শিখন দিনলিপিতে নোট করুন – পথে অনুমিতি ও সুনাম আসতে পারে। আপনি হয়ত দেখতে পারেন যে বর্তমানে আপনার কাছে এই অনুশীলনগুলোর বাস্তব নমুনা খুবই অল্প রয়েছে এবং ঐরূপ উপাত্ত পাওয়ার মত অবস্থা তৈরী করতে আপনাকে কী করতে হবে তখন আপনার নোটের বিষয় হবে।

**আলোচনা করা**

আপনার স্কুলের প্রেক্ষিতের ওপর নির্ভর করে, আপনি উপলব্ধি করতে পারেন যে আপনার শিক্ষকরা ইতিমধ্যেই শিখনের জন্য মূল্যায়নকে তাঁদের দৈনিক অনুশীলনের অংশ হিসেবে প্রতিষ্ঠিত করে ফেলছেন। অন্যথায়, আপনি অনুভব করতে পারেন যে তাঁরা এর ক্ষমতা উপলব্ধি করা সবে শুরু করেছেন। আপনি যে অবস্থাতেই থাকুন না কেন, শিখনের জন্য মূল্যায়নকে গ্রথিত করতে সময় ও প্রচেষ্টা প্রয়োজন হয়। কারণ এটা ক্লাসঘর অ্যাক্টিভিটি, মূল্যায়নের প্রকৃতি ও উদ্দেশ্য, এবং শিক্ষক-শিক্ষার্থী সংলাপের প্রকৃতির মত শিক্ষাদানের অনেকগুলো বিষয়ের ভিত্তি হিসাবে কাজ করে।

এরকম পরিবর্তনে নেতৃত্ব দিতে যত্নশীল পরিকল্পনা ও নিরীক্ষণের প্রয়োজন হয়, যে দুটো জিনিসই আপনার প্রেক্ষিত ও আপনি কতজন শিক্ষকের সঙ্গে কাজ করছেন তার ওপর নির্ভর করবে। কোন ছোট স্কুলে, আপনি সব শিক্ষকের সঙ্গে ধারণাগুলো নিয়ে আলোচনা করতে সক্ষম হতে পারেন এবং পর্যবেক্ষণ, ধারণা শেয়ার করা ও ফলাফল আলোচনা করার মাধ্যমে পরিবর্তন নিরীক্ষণ করতে পারেন। বৃহত্তর প্রেক্ষিতে, আপনি শিক্ষকদের ছোট দল দিয়ে শুরু করতে পারেন এবং কাজে লাগার মত একটা পরিকল্পনা গড়ে তুলতে পারেন, যা থেকে স্কুলের অন্যরা শিখতে পারেন।

সংগ্রহ করা উপাত্ত প্রমাণ করে কিসের ওপর শিক্ষাদানের জোরালো কৌশল ও ক্লাস এবং ব্যক্তি শিক্ষার্থীদের জন্য সংক্ষিপ্ত ও দীর্ঘকালীন পরিকল্পনা গড়ে তুলতে হবে। শিক্ষণ, বোধশক্তি, দক্ষতা ও দৃষ্টিভঙ্গির স্তর আন্দাজ করার থেকে বরং, গঠনমূলক মূল্যায়ন প্রকৃত স্তরের বাস্তব প্রমাণ এবং ব্যক্তি ও ক্লাস অগ্রগতি পরিমাপের ভিত্তিরেখা প্রদান করে।

# 6 সারসংক্ষেপ

এই ইউনিট একটা স্কুলের মধ্যে আরও সহায়ক মূল্যায়ন কৌশল সৃষ্টির ক্ষেত্রে শিখনের জন্য মূল্যায়নের ভূমিকা বিবেচনা করে। এটা চিহ্নিত করেছে যে গঠনমূলক মূল্যায়ন শিক্ষার্থীদের বিষয় শিখন এবং দক্ষতা বিকাশের ক্ষেত্রে অগ্রগতিতে অব্যবহিত ও পার্থক্যীকৃত মতামত প্রদান করার ক্ষমতা ধারণ করে, যা শেষ পর্যন্ত তাদের আরও উপযোগী শিক্ষার্থী হিসাবে গড়ে তোলে।

এই ইউনিট তাঁদের ক্লাসে শিখনের জন্য মূল্যায়ন কৌশল ব্যবহার করার ক্ষেত্রে শিক্ষকদের নেতৃত্বদানের কিছু কৌশলেরও পরামর্শ দিয়েছে। এর অন্তর্ভুক্ত হল বর্তমান অনুশীলন রীতি চিহ্নিত করা এবং কিভাবে মূল্যায়ন বিধি গঠন করতে ও ব্যবহার করতে হবে তা বোঝা।

এই ইউনিটটা শিখন শিক্ষণ প্রক্রিয়া রূপান্তরের মূল ক্ষেত্রের সাথে সম্পর্কিত সেট বা ইউনিটসমূহের পরিবারের একটা অংশ (ন্যাশনাল কলেজ অব স্কুল লিডারশিপ-এর সাথে সংযুক্ত)। আপনার জ্ঞান এবং দক্ষতা তৈরি করতে আপনি হয়ত এই গুচ্ছের অন্য ইউনিটগুলোর দিকে এর পরে নজর দিলে লাভবান হতে পারেন।

- *প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষণ-শিখন উন্নতিসাধনে নেতৃত্ব দেওয়া*
- *মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষণ-শিখন উন্নতিসাধনে নেতৃত্ব দেওয়া*
- *কর্মসম্পাদনে উন্নতি করতে শিক্ষকদের সহায়তা করা*
- *শিক্ষকদের পেশাগত বিকাশে নেতৃত্ব দেওয়া*
- *পর্যবেক্ষণ ও শিক্ষাদান করা*
- *আপনার স্কুলে ফলপ্রসূ শিখন সংস্কৃতি গড়ে তোলা*
- *আপনার বিদ্যালয়ে অন্তর্ভুক্তিকরণে উৎসাহ দেওয়া*
- *শিক্ষার্থীদের কার্যকর শিক্ষালাভের সম্পদগুলো ব্যবস্থাপনা করা*
- *আপনার বিদ্যালয়ে প্রযুক্তির ব্যবহারে নেতৃত্ব দেওয়া।*

# সম্পদসমূহ

## সম্পদ 1: অগ্রগতি ও কর্মসম্পাদন ক্ষমতার মূল্যায়ন

শিক্ষার্থীদের শিক্ষণের মূল্যায়ন করার দুটি উদ্দেশ্য থাকতে পারে:

- **সমাহারমূলক মূল্যায়ন** নির্দিষ্ট সময়কালের বিচার করে এবং ইতিমধ্যেই কী শেখা হয়েছে সে বিষয়ে বিবেচনা করে। সাধারণত গ্রেড দিয়ে পরীক্ষার মাধ্যমে এটা পরিচালিত হয়, যা শিক্ষার্থীদের সেই পরীক্ষার প্রশ্নগুলোর ওপর সাফল্য সম্পর্কে জানায়। এটা ফলাফল রিপোর্ট করতেও সাহায্য করে।
- **গঠনমূলক মূল্যায়ন** (অথবা শেখার জন্য মূল্যায়ন) অনেক আলাদা, প্রকৃতিতে আরো অনানুষ্ঠানিক ও নির্ণয়মূলক। শিক্ষকরা তাঁদের শিখন প্রক্রিয়ার অংশ হিসাবে এটা ব্যবহার করেন, উদাহরণস্বরূপ, শিক্ষার্থীরা কোন কিছু বুঝেছে কিনা পরীক্ষা করার জন্য প্রশ্ন করা। তারপর পরবর্তী শিখন অভিজ্ঞতাকে পরিবর্তিত করতে এই মূল্যায়নের ফলাফল কাজে লাগানো হয়। নিরীক্ষণ এবং মতামত গঠনমূলক মূল্যায়নের অংশ।

গঠনমূলক মূল্যায়ন শিখনকে উন্নত করে কারণ শেখার জন্য প্রত্যেক শিক্ষার্থীকে অবশ্যই:

- তারা কী শিখবে বলে আশা করা হয় তা বুঝতে হবে
- সেই শিখনের কোন অবস্থায় তারা আছে জানতে হবে
- বুঝতে হবে তারা কিভাবে উন্নতি করতে পারে (কী পড়তে হবে এবং কিভাবে পড়তে হবে)
- যখন তারা আশানুরূপ লক্ষ্য ও ফলাফলে পৌঁছবে তা জানতে হবে।


আপনি যদি প্রত্যেক পাঠের ক্ষেত্রে ওপরের চারটে পয়েন্টে নজর দেন তবে শিক্ষক হিসাবে আপনি আপনার শিক্ষার্থীদের কাছ থেকে সেরা ফল পাবেন। এইভাবে নির্দেশের আগে, চলাকালীন এবং পরে মূল্যায়ন হতে পারে।

- **আগে:** শিক্ষাদান শুরু হওয়ার আগে মূল্যায়ন আপনাকে শনাক্ত করতে সাহায্য করে শিক্ষার্থীরা কী জানে এবং নির্দেশের আগেই কী করতে পারে। এটা ভিত্তিরেখা নির্দিষ্ট করে এবং আপনার শিক্ষার পরিকল্পনা করার জন্য আপনাকে একটা শুরুর বিন্দু দেয়। আপনার শিক্ষার্থীরা কী জানে সে সম্পর্কে আপনার বোধকে উন্নত করলে শিক্ষার্থীরা ইতিমধ্যেই দক্ষ এমন কোন বিষয়ে আবার শিক্ষাদান করার বা সম্ভবত তাদের জানা বা বোঝা উচিৎ (কিন্তু এখনও জানে না) এমন কোনো বিষয় বাদ পড়ে যাওয়ার সম্ভাবনা কমে যায়।

- **চলাকালীন:** ক্লাসঘরের শিক্ষাদান চলাকালীন শিক্ষার্থীরা শিখছে কিনা এবং উন্নতি করছে কিনা দেখার জন্য মূল্যায়ন। আপনার শিক্ষা পদ্ধতি, সম্পদ এবং কার্যকলাপের সমন্বয়সাধন করতে এটি সাহায্য করবে। শিক্ষার্থী কাঙ্খিত উদ্দেশ্যে কেমন অগ্রগতি করছে এবং আপনার শিক্ষাদান কতটা সফল তা বোঝার ক্ষেত্রে এটা আপনাকে সাহায্য করবে।
- **পরে:** শিক্ষাদানের পরের মূল্যায়ন নিশ্চিত করে শিক্ষার্থীরা কী শিখেছে এবং কে শিখেছে ও কার এখনও সহায়তা প্রয়োজন আপনাকে তা প্রদর্শন করে। এটা আপনার শিক্ষাদানের লক্ষ্যের কার্যকারিতা মূল্যায়ন করতে আপনাকে সাহায্য করে।

## আগে: আপনার শিক্ষার্থীরা কী শিখবে সে সম্পর্কে স্পষ্ট হওয়া

শিক্ষার্থীরা কোন পাঠ বা পাঠের ক্রমে অবশ্যই কী শিখবে আপনি তা ঠিক করলে, আপনার উচিৎ এটা তাদের সাথে শেয়ার করা। আপনি শিক্ষার্থীদের কী করতে বলছেন তার থেকে তারা কী শিখবে বলে আশা করা হচ্ছে এটাকে সতর্কভাবে পৃথক করুন। একটা খোলা প্রশ্ন জিজ্ঞাসা করুন যা আপনাকে মূল্যায়ন করার সুযোগ দেবে যে তারা প্রকৃতই বুঝেছে কিনা। উদাহরণস্বরূপ:




শিক্ষার্থীদের উত্তর দেওয়ার আগে ভাবার জন্য কিছু সময় দিন, অথবা শিক্ষার্থীদের প্রথমে জুটিতে বা ছোট দলে তাদের উত্তরগুলো আলোচনা করে নেওয়ার জন্য বলতে পারেন। তারা আপনাকে তাদের উত্তর বলার সময়, আপনি জানতে পারবেন তাদের কী শিখতে হবে তারা বুঝতে পারছে কিনা।

## আগে: শিক্ষার্থীরা তাদের শেখার কোন স্থানে রয়েছে তা জানা

আপনার শিক্ষার্থীদের উন্নতিতে সাহায্য করার জন্য, আপনাকে ও তাদের উভয়কেই জানতে হবে তাদের বোধগম্যতার বর্তমান অবস্থাটা কী। একবার অভীষ্ট শিখন ফলাফল বা লক্ষ্য শেয়ার করার পরে আপনি যা করতে পারেন:

- তারা ইতিমধ্যেই বিষয়টা সম্পর্কে যা জানে তার মানসিক মানচিত্র বা তালিকা তৈরী করার জন্য শিক্ষার্থীদের জুটিতে কাজ করতে বলুন, এটা সম্পূর্ণ করার জন্য তাদের যথেষ্ট সময় দিন কিন্তু যাদের ধারণা কম তাদের খুব বেশি সময় দেবেন না। তারপর আপনার মানসিক মানচিত্র বা তালিকাগুলো পর্যালোচনা করে দেখা উচিৎ।
- গুরুত্বপূর্ণ শব্দভাণ্ডার বোর্ডে লিখুন এবং প্রত্যেক শব্দ সম্পর্কে তারা কী জানে বলার জন্য স্বেচ্ছাসেবকদের ডাকুন। তারপর ক্লাসের বাকিদের বলুন শব্দটা বুঝলে তারা যেন বুড়ো-আঙুল তোলে, খুব কম জানলে বা কিছুই না জানলে বুড়ো-আঙুল নিচের দিকে রাখে, এবং কিছু জানলে আঙুল সমান্তরাল রাখে।

কোথা থেকে শুরু করতে হবে তা জানার অর্থ আপনি আপনার শিক্ষার্থীদের জন্য প্রাসঙ্গিক ও গঠনমূলক পাঠ পরিকল্পনা করতে পারেন। আপনার শিক্ষার্থীরা কতটা ভালভাবে শিখছে তা মূল্যায়ন করতে পারাও গুরুত্বপূর্ণ যাতে আপনি এবং তারা উভয়েই জানেন যে তারপর তাদের কী শিখতে হবে। আপনার শিক্ষার্থীদের শেখার দায়িত্ব নিজেদের ওপর নেওয়ার সুযোগ করে দেওয়া তাদের জীবন-ব্যাপী শিক্ষার্থী হওয়ার ক্ষেত্রে সাহায্য করবে।

## চলাকালীন: শিক্ষার্থীদের শেখার উন্নতি নিশ্চিত করা

আপনার শিক্ষার্থীদের সাম্প্রতিক অগ্রগতির ব্যাপারে কথা বলা সময় নিশ্চিত করুন যাতে আপনার মতামত তাদের কাছে উপযোগী ও গঠনমূলক হয়। এইভাবে তা করুন:

- শিক্ষার্থীদের শক্তির জায়গাগুলো এবং তারা কিভাবে পরে উন্নতি করতে পারে তা তাদের জানতে সাহায্য করে
- কিসে আরও উন্নতি করতে হবে সে সম্পর্কে স্পষ্ট ধারণা তৈরী করে
- তারা কিভাবে তাদের শেখার বিকাশ ঘটাতে পারে সে সম্পর্কে ইতিবাচক হয়ে, তারা উপদেশ বোঝে কিনা এবং তা ব্যবহার করতে সক্ষম মনে করে কিনা পরীক্ষা করে।

আপনাকে শিক্ষার্থীদের শিখন উন্নত করার জন্যও সুযোগ করে দিতে হবে। এর অর্থ হল আপনার শিক্ষার্থীরা এখন তাদের শেখার যে অবস্থানে আছে এবং আপনি তাদের যে অবস্থানে নিয়ে যেতে চান তার মাঝের ঘাটতি পূরণ করতে আপনাকে আপনার পাঠ পরিকল্পনা পরিবর্তন করতে হতে পারে। এর জন্য আপনাকে যা করতে হতে পারে:

- এমন কিছু কাজে ফিরে যাওয়া যা তারা ইতিমধ্যেই জানে বলে আপনি মনে করেন
- শিক্ষার্থীদের প্রয়োজন অনুসারে দলে ভাগ করা, আর তাদের ভিন্ন ভিন্ন কাজ দেওয়া
- অনেকগুলো সম্পদের মধ্যে কোনটা তাদের অধ্যয়ন করা দরকার সে ব্যাপারে শিক্ষার্থীদের নিজেদের সিদ্ধান্ত নিতে দেওয়া যাতে তারা 'নিজেদের ঘাটতি পূরণ করতে পারে'
- 'সহজ প্রবেশ্য, উচ্চ চ্যালেঞ্জপূর্ণ' কাজ ব্যবহার করুন যাতে সব শিক্ষার্থীর পক্ষে অগ্রগতি করা সম্ভব হয় – এগুলো এমনভাবে সাজান হয় যাতে সব শিক্ষার্থী কাজটা শুরু করতে পারে কিন্তু অধিকতর সক্ষমদেরও সীমাবদ্ধ করে দেওয়া হয় না এবং তাদের শিখনের সম্প্রসারণ ঘটাতে পারে।

বেশিরভাগ সময়েই পাঠের গতি কমিয়ে দিয়ে আপনি শেখার গতি বাড়াতে পারেন কারণ আপনি শিক্ষার্থীদের এটা ভাবা এবং বোঝার সময় ও ভরসা দেন যে উন্নতি করার জন্য তাদের কী করতে হবে। শিক্ষার্থীদের নিজেদের মধ্যে তাদের কাজ সম্পর্কে কথা বলতে দেওয়া, এবং তাদের ঘাটতিগুলো কোথায় ও কিভাবে তারা সেগুলো পূরণ করতে পারে তা প্রকাশ করার সুযোগ দেওয়ার মাধ্যমে, আপনি তাদের নিজেদের মূল্যায়ন করার উপায় দেখান।

## পরে: প্রমাণ সংগ্রহ করা ও ব্যাখ্যা করা, এবং অগ্রবর্তী পরিকল্পনা করা

শিক্ষণ-শিখন  চলার সময় এবং কোন ক্লাসঘরের কাজ বা বাড়ির কাজ ঠিক করার পরে, গুরুত্বপূর্ণ হল:

- আপনার শিক্ষার্থীরা কতটা ভাল করছে তা দেখা
- পরবর্তী পাঠে আপনার পরিকল্পনার সুবিধার জন্য এটা ব্যবহার করা
- এটাকে মতামত সহ শিক্ষার্থীদের কাছে ফিরিয়ে দেওয়া।

মূল্যায়নের তিনটি মূল দশা নিচে আলোচিত হয়েছে।

### তথ্য বা প্রমাণ সংগ্রহ করা

প্রত্যেক শিক্ষার্থী ভিন্নরূপে, তাদের নিজস্ব গতিতে ও রীতিতে, স্কুলের ভেতরে এবং বাইরে শেখে। সুতরাং, শিক্ষার্থীদের মূল্যায়ন করার সময় আপনাকে দুটো কাজ করতে হবে:

- বিভিন্ন উৎস থেকে তথ্য সংগ্রহ করুন - আপনার নিজস্ব অভিজ্ঞতা, শিক্ষার্থী, অন্যান্য শিক্ষার্থী, অন্যান্য শিক্ষক, পিতামাতা এবং কম্যুনিটির সদস্যদের নিকট থেকে।
- শিক্ষার্থীদের ব্যক্তিগতভাবে, জুটিতে এবং দলে মূল্যায়ন করুন, এবং স্ব-মূল্যায়ন চালু করুন। যেহেতু কোন একক পদ্ধতি আপনাকে সমস্ত তথ্য দিতে পারে না, তাই বিভিন্ন পদ্ধতি ব্যবহার করা গুরুত্বপূর্ণ। শিক্ষার্থীদের শিখন ও অগ্রগতি সম্পর্কে তথ্য সংগ্রহ করার বিভিন্ন উপায় হল বিষয় ও থিমগুলো পর্যবেক্ষণ করা, শোনা, আলোচনা করা, এবং ক্লাসের ও বাড়ির লিখিত কাজের পর্যালোচনা করা।

### রেকর্ড করা

ভারতব্যাপী সমস্ত স্কুলে রেকর্ড রাখার সবথেকে সাধারণ রূপ হল রিপোর্ট কার্ডের ব্যবহার, কিন্তু এতে শিক্ষার্থীর শিখন বা আচরণের সমস্ত দিকগুলো নথিভুক্ত করার সুযোগ নাও থাকতে পারে। এটা করার কিছু সহজ উপায় আছে যা আপনি বিবেচনা করে দেখতে পারেন, যেমন:

- শিক্ষণ-শিখন চলার সময় আপনি যা দেখছেন তা কোন দিনলিপি/নোটবই/রেজিস্টারে নোট করে রাখা
- শিক্ষার্থীদের কাজের নমুনা রাখা (লিখিত, শিল্প, হস্তশিল্প, প্রকল্প, কবিতা, ইত্যাদি) একটা পোর্টফোলিওতে
- সমস্ত শিক্ষার্থীর প্রোফাইল তৈরী করা
- শিক্ষার্থীদের যেকোন অস্বাভাবিক ঘটনা, পরিবর্তন, সমস্যা, ক্ষমতা এবং শেখার প্রমাণ রাখা।

**প্রমাণের ব্যাখ্যা করা**

একবার তথ্য ও প্রমাণসমূহ সংগৃহীত ও নথিভুক্ত হয়ে গেলে, প্রত্যেক শিক্ষার্থী কিভাবে শিখছে এবং অগ্রগতি করছে সে সম্পর্কে বোধ গঠন করার জন্য এর ব্যাখ্যা করা গুরুত্বপূর্ণ। এজন্য সযত্ন অনুধ্যান ও বিশ্লেষণ প্রয়োজন। তারপর শিখন উন্নত করার জন্য আপনাকে আপনার প্রাপ্ত বিষয়গুলো নিয়ে কাজ করতে হবে, হতে পারে শিক্ষার্থীদের মতামত দেওয়ার মাধ্যমে অথবা নতুন নতুন সম্পদ বার করা, দলগুলোকে পুনর্গঠিত করা, অথবা শেখার বিশেষ কোন বিষয় পুনরায় করার মাধ্যমে।

**উন্নতির পরিকল্পনা**

পৃথকীকৃত শিক্ষণ কার্যক্রম স্থাপন করে যে শিক্ষার্থীদের বেশি সাহায্য প্রয়োজন তাদের দিকে মনোযোগ দেওয়া ও যারা বেশি অগ্রণী তাদের চ্যালেঞ্জের সম্মুখীন করার মাধ্যমে মূল্যায়ন প্রত্যেক শিক্ষার্থীর জন্য অর্থপূর্ণ শিক্ষণের সুযোগ প্রদানে আপনাকে সাহায্য করতে পারে।

# সম্পদ 2: নিরীক্ষণ ও মতামত দান

শিক্ষার্থীদের কর্মসম্পাদন ক্ষমতা উন্নত করার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে প্রতিনিয়ত তাদের নিরীক্ষণ ও সাড়া দেওয়া, যাতে তারা জানতে পারে যে তাদের কাছে কি আশা করা হচ্ছে এবং কাজ সম্পূর্ণ হওয়ার পর যাতে তারা মতামত পায়। আপনার গঠনমূলক মতামতের মাধ্যমে তারা তাদের কর্মক্ষমতা উন্নত করতে পারে।

## নিরীক্ষণ

কার্যকরী শিক্ষক বেশিরভাগ সময় তাঁর শিক্ষার্থীদের নিরীক্ষণ করেন। বেশিরভাগ শিক্ষক সাধারণত, তাঁদের শিক্ষার্থীরা ক্লাসে কী করে তা শুনে ও পর্যবেক্ষণ করে তাদের কাজ নিরীক্ষণ করেন। শিক্ষার্থীদের অগ্রগতি নিরীক্ষণ করা গুরুত্বপূর্ণ কারণ এটা নিম্নলিখিত বিষয়গুলোতে তাদের সাহায্য করে:

- উচ্চতর গ্রেড অর্জন করতে
- তাদের কর্মক্ষমতা সম্পর্কে আরও সচেতন হতে এবং তাদের শেখার ক্ষেত্রে আরও দায়িত্ববান হতে
- তাদের শিখনের উন্নতি ঘটাতে
- রাজ্য ও স্থানীয় প্রমিত পরীক্ষার ভিত্তিতে অর্জিত কৃতিত্বের পূর্বাভাসে।

এটা শিক্ষক হিসাবে আপনাকেও ঠিক করতে সাহায্য করবে:

- কখন কোন প্রশ্ন করতে হয় বা ধরতাই দিতে হয়
- কখন প্রশংসা করতে হয়
- চ্যালেঞ্জ করতে হবে কিনা
- একটা কাজে বিভিন্ন দলের শিক্ষার্থীদের কিভাবে যুক্ত করতে হয়
- ভুলত্রুটির ক্ষেত্রে কী করা উচিৎ।

তাদের অগ্রগতির ওপর স্পষ্ট ও দ্রুত মতামত দেওয়া হলে শিক্ষার্থীরা সবথেকে বেশি উন্নতি করে। নিরীক্ষণ কাজে লাগালে আপনাকে নিয়মিত মতামত দিতে, আপনার শিক্ষার্থীরা কেমন করছে এবং তাদের শেখাকে এগিয়ে নিয়ে যেতে তাদের আর কি কি করা উচিৎ তা তাদের জানাতে সক্ষম করবে।

আপনি যে চ্যালেঞ্জগুলোর সম্মুখীন হবেন তার একটা হল শেখার ক্ষেত্রে তাদের নিজস্ব লক্ষ্য নির্ধারণ করতে শিক্ষার্থীদের সাহায্য করা, যা আত্ম-নিরীক্ষণ নামেও পরিচিত। শিক্ষার্থীদের, বিশেষত যারা প্রচেষ্টারত, নিজেদের শেখা নিজেদের নিয়ন্ত্রণাধীন নয়। কিন্তু আপনি যেকোন শিক্ষার্থীকে একটা প্রকল্পের জন্য নিজস্ব লক্ষ্য বা উদ্দেশ্য নির্ধারণ করতে, তাদের কাজের পরিকল্পনা করতে ও সময়সীমা ঠিক করতে, এবং তাদের অগ্রগতির আত্ম-নিরীক্ষণ করতে সাহায্য করতে পারেন। এই প্রক্রিয়ার অনুশীলন এবং আত্ম-নিরীক্ষণের দক্ষতা অর্জন তাদের স্কুলে এবং জীবনব্যাপী ভাল সাহায্য করবে।

## শিক্ষার্থীদের কথা শোনা ও তাদের পর্যবেক্ষণ করা

বেশিরভাগ সময় শিক্ষার্থীদের কথা শোনা ও তাদের পর্যবেক্ষণ করা শিক্ষকদের দ্বারা স্বাভাবিকভাবে হয়ে থাকে; এটা একটা সরল নিরীক্ষণ উপকরণ। উদাহরণস্বরূপ, আপনি:

- আপনার শিক্ষার্থীদের উচ্চস্বরে পড়তে শুনতে পারেন
- জুটিতে বা দলের কাজে আলোচনাগুলো শুনতে পারেন
- শিক্ষার্থীদের বাইরে বা ক্লাসঘরে সম্পদ ব্যবহার পর্যবেক্ষণ করতে পারেন
- তাদের কাজ করার সময় দলগুলোর দৈহিক ভাষা পর্যবেক্ষণ করতে পারেন।

নিশ্চিত করুন যে আপনার সংগৃহীত পর্যবেক্ষণগুলো শিক্ষার্থীদের শেখা বা অগ্রগতির প্রকৃত প্রমাণ। একমাত্র নথি যা আপনি দেখতে, শুনতে, যাচাই করতে বা ভরসা করতে পারেন।

শিক্ষার্থীরা কাজ করার সময়, সংক্ষিপ্ত পর্যবেক্ষণমূলক নোট করার জন্য ক্লাসঘরের মধ্যে ঘুরুন। কোন শিক্ষার্থীদের আরও বেশি সাহায্য প্রয়োজন তা রেকর্ড করতে এবং কোনও সম্ভাব্য ভুল বোঝাবুঝি নোট করতে আপনি একটা ক্লাস তালিকা ব্যবহার করতে পারেন। সমগ্র ক্লাসকে মতামত দিতে অথবা দল বা ব্যক্তিদের ধরতাই দিতে আপনি এই পর্যবেক্ষণ ও নোটগুলো ব্যবহার করতে পারেন।

## মতামত দান

মতামত হল এমন তথ্য যা কথিত লক্ষ্য অথবা আশা করা ফলাফলের পরিপ্রেক্ষিতে শিক্ষার্থী কেমন সম্পাদন করছে সে সম্পর্কে আপনি তাদের বলতে পারেন। ফলোৎপাদক মতামত শিক্ষার্থীকে প্রদান করে:

- যা ঘটেছে সে সম্পর্কে তথ্য
- কাজ বা দায়িত্বটা কতটা ভালভাবে সম্পাদিত হয়েছে তার একটা মূল্যায়ন
- তাদের কর্ম সম্পাদন ক্ষমতা কিভাবে উন্নত করা যায় তার নির্দেশিকা।

আপনি যখন প্রতিটি শিক্ষার্থীকে মতামত দেন, এটা তাদের জানতে সাহায্য করা উচিৎ:

- তারা প্রকৃতপক্ষে কী করতে পারে
- তারা এখনও কী করতে পারে না
- তাদের কাজ অন্যদের তুলনায় কেমন
- তারা কিভাবে উন্নতি করতে পারে।


স্মরণে রাখা গুরুত্বপূর্ণ যে ফলোত্পাদক মতামত শিক্ষার্থীদের সাহায্য করে। আপনার মতামত অস্পষ্ট বা অন্যায্য বলে শেখা আটকে যাক তা আপনি চান না। ফলোৎপাদক মতামত হল:

- **দৃষ্টি নিবদ্ধ** গৃহীত কাজের বিষয়ে এবং শিক্ষার্থীর প্রয়োজনীয় শিখনের বিষয়ে
- **স্পষ্ট ও সৎ**, তাদের শিখনের কোনটা ভাল আর কিসের উন্নতি করা দরকার তা শিক্ষার্থীকে বলা
- **করণীয়**, শিক্ষার্থীকে এমন কিছু করতে বলা যেটা তারা করতে সক্ষম
- **উপযুক্ত ভাষায়** প্রদত্ত শিক্ষার্থীরা যা বুঝতে পারে
- **উপযুক্ত সময়ে** প্রদত্ত – এটা বেশি তাড়াতাড়ি দেওয়া হলে, শিক্ষার্থী ভাববে 'আমি তো সেটাই করতে যাচ্ছিলাম!'; বেশি দেরি হলে, শিক্ষার্থীর দৃষ্টি অন্যদিকে নিবদ্ধ হতে পারে এবং তাদের যা বলা হবে, তারা ফিরে গিয়ে সেটা করতে চাইবে না।

মতামত মুখেই বলা হোক বা শিক্ষার্থীর খাতায় লেখা থাক, নিম্নলিখিত নির্দেশিকা অনুসরণ করলে এটা আরও কার্যকরী হবে।

### প্রশংসা এবং ইতিবাচক ভাষা ব্যবহার

আমাদের যখন প্রশংসা করা হয় ও উৎসাহ দেওয়া হয়, সাধারণত আমাদের যখন সমালোচনা করা হয় বা সংশোধিত করে দেওয়া হয় তার থেকে অনেক বেশি ভাল লাগে। শক্তিবৃদ্ধি ও ইতিবাচক ভাষা সমগ্র ক্লাসের জন্য এবং সব বয়সের ব্যক্তিদের জন্য প্রেরণাদায়ক। মনে রাখবেন যে প্রশংসা যেন অবশ্যই নির্দিষ্ট এবং যে কাজ করা হয়েছে তার ওপর হয় শিক্ষার্থীদের নিজেদের সম্পর্কে নয়, তা না হলে এটা শিক্ষার্থীদের অগ্রগতিতে সাহায্য করবে না। 'দারুণ হয়েছে' বলাটা নির্দিষ্ট নয়, তাই নিচের মত বলা ভাল:





**সংশোধনের সাথে সাথে ধরতাই ব্যবহার করা**

আপনার শিক্ষার্থীদের সঙ্গে আপনার সংলাপ তাদের শেখায় সাহায্য করে। আপনি যদি তাদের বলেন কোনো উত্তর ভুল এবং সেখানেই কথা শেষ করে দেন, তাহলে তাদের ভাবতে দেওয়ার এবং নিজেদের চেষ্টা করতে দেওয়ার সুযোগ হারান। আপনি যদি শিক্ষার্থীদের কোন ইঙ্গিত দেন অথবা তাদের আরও কোন প্রশ্ন করেন, তবে আপনি তাদের আরও গভীরভাবে ভাবতে সাহায্য করেন এবং নিজেদের শেখার মধ্যে থেকে উত্তর খোঁজার দায়িত্ব নিতে তাদের উৎসাহ দেন। উদাহরণস্বরূপ, এই ধরনের কথা বলে আপনি আরও ভাল উত্তর দিতে বা একটা সমস্যা ভিন্ন দৃষ্টিকোণ থেকে দেখতে উৎসাহ দিতে পারেন:




অন্যান্য শিক্ষার্থীদেরকে পরস্পরকে সাহায্য করতে উৎসাহ দেওয়া যথাযথ হতে পারে। এরকম মন্তব্য সহ আপনি আপনার প্রশ্নগুলো ক্লাসের বাকিদের সামনে রেখে এটা করতে পারেন যেমন:




বানান বা সংখ্যার অনুশীলনের মত কাজগুলোর ক্ষেত্রে ‘হ্যাঁ’ বা ‘না’ দিয়ে শিক্ষার্থীদের সংশোধন করা যথাযথ হতে পারে, কিন্তু এখানেও আপনি শিক্ষার্থীদের উত্তরের মধ্যে বিধৃত ছক দেখতে বলতে পারেন, একই রকম উত্তরগুলোর মধ্যে সংযোগ করে দেখাতে পারেন অথবা নির্দিষ্ট কোন উত্তর ভুল কেন সে সম্পর্কে আলোচনা শুরু করতে পারেন।

স্ব-সংশোধন এবং সঙ্গীদের সংশোধন ফলপ্রসূ এবং জুটিতে কাজ করার সময় শিক্ষার্থীদের নিজস্ব ও পরস্পরের কাজ পরীক্ষা করতে বলে আপনি এতে উৎসাহিত করতে পারেন। যাতে খুব বেশি বিভ্রান্তিকর তথ্য না আসে তাই একবারে একটা দিকের ওপর দৃষ্টি নিবদ্ধ করা সবথেকে ভাল।

## সম্পদ 3: কিভাবে মূল্যায়ন বিধি প্রস্তুত করতে হয়

বিধান বিভিন্ন ধরনের কর্মসম্পাদনের স্তর বর্ণনা করে এবং শিক্ষার্থী ও শিক্ষকের কাছে এগুলো সুস্পষ্ট করে। প্রথমত শিক্ষার্থীদের যে জ্ঞান; দক্ষতা ও বোধ প্রদর্শন করা প্রয়োজন সেগুলো আপনাকে চিহ্নিত করতে হবে আর এর থেকে আপনি সাফল্যের মানদণ্ড লিখতে পারবেন।

আপনকে তারপর বিভিন্ন স্তরের অর্জনগুলোর মধ্যে পার্থক্য করতে হবে যাতে আপনি কর্মসম্পাদনের স্তরগুলোর বর্ণনা লিখতে পারেন (হয়তো তিনটে স্তর)। উদাহরণস্বরূপ আপনি হয়তো এইভাবে স্তরগুলো লিখতে পারেন:

1. যথাযথভাবে সালোকসংশ্লেষ বর্ণনা করে
2. কিছুটা সঠিকভাবে সালোকসংশ্লেষের প্রক্রিয়াটি বর্ণনা করে
3. সীমাবদ্ধতার মধ্যে সালোকসংশ্লেষের বর্ণনা করে

অথবা:

4. গল্প, থিম এবং চরিত্রগুলোর সমন্বিত জ্ঞান প্রদর্শন করে
5. গল্পটার গভীর জ্ঞান ও কিছু চরিত্রের ভূমিকা প্রদর্শন করে
6. গল্পটা কী সম্পর্কে তার প্রাথমিক জ্ঞান প্রদর্শন করে এবং কিছু চরিত্রের নাম বলতে পারে

অথবা:

7. সঠিক ও স্বাধীনভাবে উপকরণ ব্যবহার করে
8. অনিয়মিত সমকক্ষ সাথী অথবা শিক্ষকের সহায়তায় উপকরণ ব্যবহার করে
9. শিক্ষকের নির্দেশনার অধীনে উপকরণ ব্যবহার করার চেষ্টা করে

এই স্তর বর্ণনাকারীগুলো তারা কেমন কর্মসম্পাদন করেছে এবং আরও উচ্চতর অর্জনের জন্য তাদের কী করা উচিৎ ব্যাখ্যা করার জন্য শিক্ষার্থীদের সঙ্গে এবং শিক্ষার্থীদের দ্বারা ব্যবহার করা যায়।

# তথ্যসূত্র/গ্রন্থতালিকা

Assessment for Learning, http://www.assessmentforlearning.edu.au/default.asp?id=912 (accessed 20 October 2014).

Central Board of Secondary Education (2009) *Teachers' Manual on Continuous and Comprehensive Evaluation: Classes IX & X*. Delhi: Central Board of Secondary Education. Available from: http://www.cbse.nic.in/cce/index.html (accessed 20 October 2014).

Intellectual Takeout (undated) 'Middle and high schools critical-thinking rubric' (online). Available from: http://www.intellectualtakeout.org/library/chart-graph/middle-and-high-schools-critical-thinking-rubric (accessed 20 October 2014).

National Council of Educational Research and Training (2005) *National Curriculum Framework* (NCF). New Delhi: NCERT.

Valerie Burger [Pinterest user] (undated) 'Art rubrics elementary grade level' (online), Pinterest. Available from: http://www.pinterest.com/pin/391602130070842472/ (accessed 20 October 2014).

# কৃতজ্ঞতাস্বীকার

তৃতীয় পক্ষের উপাদানগুলি ব্যতীত এবং অন্যথায় নীচে বর্ণিত না থাকলে এই সামগ্রীটি একটি ক্রিয়েটিভ কমনস অ্যাট্রিবিউশন শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উপলব্ধ হয় (http://creativecommons.org/licenses/by-sa/3.0/)। নীচে স্বীকৃত উপাদানটি মালিকানাধীন এবং এই প্রকল্পের লাইসেন্সের অধীনে ব্যবহার করা হয় এবং ক্রিয়েটিভ কমনস লাইসেন্সের বিষয়বস্তু নয়। এর অর্থ এই উপাদানটি কেবল মাত্র TESS-INDIA প্রকল্পে অ্যাডাপ্ট না করেই ব্যবহার করতে পারা যায়, কোনও পরবর্তী OER সংস্করণগুলিতে পারা যায় না। এর মধ্যে TESS-INDIA, OU এবং UKAID লোগোগুলির ব্যবহার অন্তর্ভুক্ত।

এই ইউনিটে উপাদানটি পুনরুৎপাদনে অনুমোদন প্রাদনের জন্য নিম্নলিখিত উৎসগুলির প্রতি কৃতজ্ঞতা স্বীকার করা হয়:

সারণী 1: ইন্টেলেকচুয়াল টেকআউট (তারিখবিহীন) 'মিডল অ্যান্ড হাই স্কুলস ক্রিটিক্যাল থিঙ্কিং রুবরিক'-এর সারাংশ, http://www.intellectualtakeout.org। (Table 1: extract from Intellectual Takeout (undated) 'Middle and high schools critical thinking rubric', in http://www.intellectualtakeout.org.)

সারণী 2: সংগৃহীত: ভ্যালেরি বার্গার [পিন্টারেস্ট ব্যবহাকারী] (তারিখবিহীন) 'আর্ট রুবরিকস এলেমেন্টারি গ্রেড লেভেল', যেখানে পাওয়া যাবে http://www.pinterest.com। (Table 2: adapted from: Valerie Burger [Pinterest user] (undated) 'Art rubrics elementary grade level', available from http://www.pinterest.com).

কপিরাইট স্বত্বাধিকারীদের সাথে যোগাযোগ করার উদ্দেশ্যে সর্বতভাবে প্রচেষ্টা করা হয়েছে। যদি কোনোটি অনিচ্ছাকৃতভাবে নজর এড়িয়ে গিয়ে থাকে, তাহলে প্রকাশকরা প্রথম সুযোগেই সানন্দে প্রয়োজনীয় বন্দোবস্ত করবেন।

ভিডিও (ভিডিও স্টিল সহ): ভারত ব্যাপী শিক্ষকদের শিক্ষাদানকারী, প্রধান শিক্ষক, শিক্ষক ও ছাত্রছাত্রীদের ধন্যবাদ জানানো হচ্ছে, যারা প্রস্তুতির সময়ে ওপেন ইউনিভার্সিটির সঙ্গে কাজ করেছিলেন।